মহর্ষি-বেদব্যাস-প্রণীত।

শ্রীকৃষ্ণলীলা-রহস্য।

বাঙ্গালা গদ্যানুবাদ সহিত

শ্রীনবীনকৃষ্ণ লাহা কর্ত্তৃক সংগৃহীত

ও তৎকর্ত্তৃক।

কলিকাতা—৯নং দুর্গাচরণ মিত্রের ষ্ট্রীট, পুরাণাবলী কার্য্যালয় হইতে

প্রকাশিত।

কলিকাতা।

বেদান্ত প্রেস্,—৫৬ নং বিডন ষ্ট্রীট।

শ্রীনীলাম্বর বিদ্যারত্ন দ্বারা মুদ্রিত।

সন ১২৯৩ সাল।

সূচীপত্র।

বৃন্দাবনস্বরূপ বর্ণন ১

গোবিন্দের আবরণ ও পার্ষদ নিরূপণ ... ১৫

গোপীগণের সিদ্ধিপ্রকার বর্ণন ২২

ব্যাসদেবের বৃন্দাবনধাম দর্শন ৪২

অর্জ্জুনের বৃন্দাবনধাম দর্শন ৪৭

নারদের বৃন্দাবনধাম দর্শন ৬২

ভগবানের অবতরণ ৬৭

হরপার্ব্বতী সম্বাদে ভগবৎস্বরূপ বর্ণন ... ৬৯

বৈষ্ণবকর্ম্মনির্ণয় ৭৪

শালগ্রামনামাদিনির্ণয় ৭৬

বৈষ্ণব কর্ত্তব্য ৭৮

মাসকৃত্য ৮২

শ্রীকৃষ্ণলীলা-রহস্য

প্রথম অধ্যায়।

নারায়ণ, নরোত্তম নর ও দেবী সরস্বতীকে প্রণাম করিয়া জয়শব্দ উচ্চারণ করিবে ॥ ১ ॥

শ্রীপার্ব্বতী দেবী শঙ্করের নিকট কহিলেন, হে মহাপ্রভো! অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের বাহ্য ও অভ্যন্তর প্রদেশে যে সকল প্রধান পদ অর্থাৎ অধিষ্ঠান আছে, তন্মধ্যে বিষ্ণুর স্থানই সর্ব্বশ্রেষ্ঠ। অতএব শ্রীকৃষ্ণের যদপেক্ষা প্রিয়তম ও মনোরম স্থান আর নাই, এক্ষণে আমি তাহার বিষয়ই শ্রবণ করিতে ইচ্ছা করি; আপনি তাহাই বর্ণন করুন ॥ ২। ৩ ॥

মহেশ্বর উত্তর করিলেন, দেবী! গুহ্য অপেক্ষা গুহ্যতর হৃদ্য পরমানন্দকারণ নিতান্ত অতদ্ভু রহস্যের রহস্যস্বরূপ পরাৎপর দুর্লভের পরমদুর্লভ পরমমোহন সর্ব্বশক্তিময় সর্ব্বস্থলে গোপিত বিষ্ণুভক্তগণের স্থানের ঊর্দ্ধাধিষ্ঠিত বিষ্ণুর অত্যন্ত বল্লভ ব্রহ্মাণ্ডের উপরে সংস্থিত বৃন্দাবন নামে এক নিত্য ধাম আছে। ৪। ৫। ৬। ভূতলে উক্ত বৃন্দাবনধামই কেবল পূর্ণব্রহ্মের সমস্ত সুখৈশ্বর্য্যে পরিপূর্ণ অব্যয় ও আনন্দময়; বৈকুণ্ঠ প্রভৃতি বৈষ্ণবধাম বৃন্দাবনের অংশেরও অংশ স্বরূপ। ৭। গোলোকের সমস্ত বিভূতিই গোকুলে বিদ্যমান আছে। বৈকুণ্ঠাদির ঐশ্বর্য্য দ্বারকায় প্রকাশিত হইয়াছে।

কিন্তু বৃন্দাবন ধাম পরব্রহ্মের সমস্ত পরমৈশ্বর্য্যের নিত্য আকরস্বরূপ। এই হেতু ত্রৈলোক্যের মধ্যে পৃথিবীকেই ধন্য বলা যায়। ৮।৯। মথুরানামক ধাম ও বিষ্ণুর একান্ত প্রিয়; ইহাকে বিষ্ণুর স্বস্থান ও মাথুরমণ্ডল বলা যায়। ১০। উক্ত মাথুরমণ্ডল নিগূঢ় ও পরম স্থান এবং সহস্রদল কমলের আকারে পুরীর অভ্যন্তরে অবস্থিত। ১১। তথায় বিষ্ণুচক্রে পরিভ্রাম্যমাণ অদ্ভুত বৈষ্ণব ধাম স্ফুরিত হইতেছে। পূর্ব্বোক্ত সহস্রদল কমলের কর্ণিকা অর্থাৎ বীজকোষ ও তাহার পত্র বিস্তারাদি বর্ণনা কালেই সমস্ত গূঢ় বৈষ্ণব রহস্য স্ফুটীকৃত হইবে॥ ১২॥

বৃন্দাবনধাম দ্বাদশটী প্রধান অরণ্যে পরিশোভিত; তাহাদিগের বিষয় ক্রমশঃ কথিত হইতেছে।—ভদ্রশ্রী,(চন্দন) লোহ, (অগুরু) ভাণ্ডীর, (বট) মহাতাল, খদীর, তাল, বকুল, আনন্দবর্দ্ধক কুমুদ, কাম্য, মহাবন, গোকুল ও রম্য মধুবন এই দ্বাদশটী বনের সংখ্যা কথিত হইয়াছে। তন্মধ্যে যমুনার পশ্চিম কূলে সাতটী ও পূর্ব্ব কূলে পাঁচটী উত্তম বন গুচ্ছভাবে আছে,—উক্ত হইয়া থাকে। ১৩। ১৪। ১৫। ভদ্রশ্রী প্রভৃতি পাঁচটী বন পূর্ব্বতীরে ও তালাদি সাতটী বন পশ্চিম তীরে অবস্থিত। এই দ্বাদশটী ব্যতিরেকে অন্য যে সকল বন আছে, তাহাদিগকে শ্রীকৃষ্ণের ক্রীড়ার্থ উপবন কহে। ১৬। কদম্ব, খণ্ডিক, নন্দবন, নন্দীশ্বর, নন্দনানন্দখণ্ড, পালাশ, অশোক, কেতক, সুগন্ধি, মাদন, কৈল, অমৃত, ভোজনস্থল, সুখপ্রসাদন, বৎসহরণ, শেষশায়ন, শ্যামপুঃ, দধিগ্রাম, চক্রভানুপুর, সঙ্কেতবিপদ, বালক্রীড়, ধূসর, কেমুদ্রুম, শরবন, উশীর অর্থাৎ বেনাবন, উৎসুক, নন্দন,

মধূক, (অর্থাৎ মহুয়াবন) কুন্দবন ও মন্দারবনএই ত্রিংশৎ-সংখ্যক বন অভিহিত হইয়াছে ; ইহাদিগকে উপবন কহে। ১৭। ১৮। ১৯। ২০। পূর্ব্বে যে দ্বাদশটী বনের নাম উল্লি; খিত হইয়াছে, সেই গুলিই সর্ব্বপ্রধান ও উত্তম। উহার উত্তর সীমায় চতুর্থ বন নির্দ্দিষ্ট হইয়াছে। ২১। এই স্থলে নানাবিধ লীলা ও রসক্রীড়া হইয়াছে। এইটীকে সুবিস্তৃত রহস্যদ্রুম বলা যায়। ২২। ইহা মহাপদ গোকুলনামক সহস্রদল কমল সংজ্ঞায় অভিহিত হইয়া থাকে। কর্ণিকাই এই মহৎ পদের জ্যোতিঃপ্রকাশিকা। ইহাকে গোবিন্দের উত্তম স্থান কহে। ২৩। উক্ত সহস্রদল কমলের উপরে মণিমণ্ডপমণ্ডিত স্বর্ণপীঠে ভগবান্ শ্রীগোবিন্দ বিরাজিত হইয়া থাকেন। সেই সেই স্থলে ক্রমে দিক্ বিদিকে মহাকমলের দল কথিত হয়। ২৪। দক্ষিণে উত্তম অপেক্ষা উত্তম পরম গুহ্য যকুল নামে দল আছে। সেই দলে নিগম এবং আগমে ও অপ্রকাশিত এক মহাপীঠ বিরাজিত আছে। ২৫। যোগীন্দ্রগণও এই দলের দর্শনাদি প্রাপ্ত হন না এবং উহা গোকুলের সর্ব্বত্মার সদৃশ। দ্বিতীয় আগ্নেয় দল, উহার দুইটী রহস্য আছে। ২৬। উক্ত দলের অভ্যন্তরে নিকুঞ্জকুটীরের ন্যায় দুইটী কুটীর অধিষ্ঠিত আছে। পূর্ব্ব সীমাস্থ তৃতীয় দলটী ও প্রধান পদরূপে কীর্ত্তিত হইয়া থাকে। ২৭। গঙ্গাদি তীর্থসমূহের সংস্পর্শবশতঃ উহার শতগুণ মাহাত্ম্য বর্দ্ধিত হইয়াছে। ঈশান কোণে চতুর্থ দল শোভা পাইতেছে ; ইহা একটী বাঞ্ছাসিদ্ধিকর সিদ্ধ পীঠ। ২৮। কোন একটী নূতন অর্থাৎ যুবতী অথচ অনন্যোপভুক্তা গোপবালা উক্ত সিদ্ধ পীঠে গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে পতি কামনা করিলে

তাহাই সিদ্ধ হয়। শ্রীগোবিন্দ এই দলে অধিষ্ঠিত হইয়াই গোপীগণের বস্ত্রালঙ্কার হরণরূপ মহালীলা সম্পাদন করিয়াছিলেন। ২৯। উত্তর সীমায় সর্ব্বোত্তম পঞ্চম দল বিরাজিত। এই দলেই দ্বাদশ সূর্য্য উদিত হইয়াছিল এবং ইহা কর্ণিকাসদৃশ। ৩০। বায়ু কোণে ষষ্ঠ দল, তাহাতেই কালীহ্রদ বিদ্যমান আছে। এই দল উত্তম হইতেও উত্তম এবং প্রধান পদরূপে কীর্ত্তিত হইয়া থাকে। ৩১। পশ্চিম প্রান্তে সর্ব্বোত্তম দলসমূহের মধ্যেও শ্রেষ্ঠ সপ্তম দল শোভমান আছে। এই দলে যজ্ঞপত্নীগণ ঈপ্সিত বর লাভ করেন। ৩২। এই দলেই অঘাসুরের বধ, দেবদর্শন ও ব্রহ্মমোহন লীলা সমাহিত হয়, এই নিমিত্ত ইহা কমলযোনির নিতান্ত প্রিয়। ৩৩। নৈর্ঋত কোণে অষ্টম দল দীপ্তি পাইতেছে; প্রভু এই দলে ব্যোমাসুর নিপাতন, শঙ্খচূড়নামক দৈত্যের বিনাশ সাধন ও অন্যান্য নানাবিধ কেলি করিয়াছিলেন ॥ ৩৪ ॥

শুনিয়াছি, বৃন্দারণ্যে অন্তর্গত এইরূপ অষ্টদল কমল বর্ণিত হইয়াছে। কালিন্দী নদীর দক্ষিণ তটে অবস্থিত শ্রীবৃন্দাবনধাম ধন্য ॥ ৩৫ ॥

এই ধামে গোপীশ্বরসংজ্ঞক শিবলিঙ্গই অধিষ্ঠাতা দেবরূপে অভিলক্ষিত হইয়া থাকেন। তাহার বহির্দ্দেশে শ্রীযুক্ত ষোড়শদল পদ্ম অভিহিত হয় ॥ ৩৬ ॥

দক্ষিণাদি ক্রমে সমস্ত দিকের দলের বিষয়ই কথিত হইয়াছে। উক্ত ষোড়শদল কমল অপেক্ষা শ্রেষ্ঠ ও মহৎ পদ নিতান্ত বিরল এবং উহা অতিশয় জ্যোতির্ম্ময় ॥ ৩৭ ॥

কথিত কমলের প্রথম দল শ্রেষ্ঠ এবং উহার মাহাত্ম্য কর্ণিকারই তুল্য। ঐ দলে মধুবন বিরাজিত, তাহাতেই

সর্ব্ব কারণের কারণভূত চতুর্ভুজ মহাবিষ্ণু স্বয়ং প্রাদুর্ভূত হইয়াছেন। অধিকন্তু উহাতে সুপ্রসিদ্ধ মুনিশ্রেষ্ঠ সনাতন অধিষ্ঠিত আছেন ॥ ৩৮ ॥ ৩৯ ॥

তৎপরে দ্বিতীয় দল শ্রীগোবিন্দের সামান্য কিঞ্চিৎ লীলারসের স্থান বলিয়াই প্রসিদ্ধ। এইস্থলেই খদীর বন নামে দল উক্ত হইয়াছে ॥ ৪০ ॥

ইহা সর্ব্বশ্রেষ্ঠ এবং এই দলের মাহাত্ম্য কর্ণিকাসদৃশ। ইহার অন্তঃপাতী নিত্যানন্দরসান্বিত পরম রমণীয় গোবর্দ্ধন পর্ব্বতে যে কর্ণিকা বিরাজিত আছে, তন্মধ্যস্থিত লীলারস-গহ্বরে মহালীলা সম্পাদিত হইয়া থাকে। এই রসগহ্বরে শ্রীকৃষ্ণ নিত্য বৃন্দাবনের পতি হইয়া থাকেন। ৪১। ৪২। অধিক কি বলিব, এখানে কৃষ্ণ গোবিন্দতা (গোপালকতা, পৃথ্বীপালত্ব বা স্বর্গপ্রাপকতা) আশ্রয় করেন। অতঃপর তৃতীয় দল সর্ব্বশ্রেষ্ঠ অপেক্ষাও শ্রেষ্ঠ। ৪৩। অনন্তর চতুর্থ দল, ইহা প্রধান অদ্ভুত রসের স্থলরূপে আখ্যাত হইয়াছে। স্বয়ং গোবর্দ্ধনধারী হরিই ইহার পতি। ৪৪। এই স্থলেই পূর্ণানন্দরসময় কদম্বখণ্ডী নামে স্নিগ্ধ হৃদ্য প্রিয় ও রমণীয় দল অভিহিত হইয়াছে। ৪৫। তদনন্তর নন্দীশ্বরসংজ্ঞক রমণীয় দল, ইহাতেই নন্দালয় অবস্থিত। এতৎপার্শ্বে কর্ণিকা-সদৃশ-মাহাত্ম্য-বিশিষ্ট পঞ্চম দলকথিত হয়। ৪৬। এই দলের অধিষ্ঠাতৃদেব গোপাল ও ধেনুপাল। অতঃপর ষষ্ঠ দল, ইহাতে নন্দবন শোভা পাইতেছে। ৪৭। সপ্তম বহুলারণ্য অর্থাৎ এলাবন নামে রম্য দল প্রকীর্ত্তিত হইয়াছে। তৎপরে তালবননামক অষ্টম দল, তথায় ধেনুবধ, (বৎসাসুরের বিনাশ) সংসাধিত হইয়াছে। ৪৮।

নবম কুমুদারণ্য নামে খ্যাত সুশোভন দল উক্ত হইয়াছে। দশম সকলের কারণভূত কাম্যারণ্য নামে হৃদয়গ্রাহী দল বিরাজিত আছে। ৪৯। এই দলে ব্রহ্মপ্রসাদন ও বিষ্ণুবৃন্দ প্রদর্শিত হইয়াছিল। অপিচ ইহা কৃষ্ণের ক্রীড়ারসের স্থল ও প্রধান দলরূপে কীর্ত্তিত হইয়া থাকে। ৫০। একাদশ সংখ্যক দলটী ভক্তের প্রতি অনুগ্রহপ্রবণ এবং উহা নানা-রসের আধারভূত ও অন্ধের অর্থাৎ তত্ত্বজ্ঞানশূন্য ব্যক্তির নির্ব্বাণ অর্থাৎ মুক্তির সোপানস্বরূপ। ৫১। পরম রমণীয় মনোহর ভাণ্ডীর রনই দ্বাদশ দল বলিয়া প্রসিদ্ধ আছে। এই দলে আরূঢ় হইয়া শ্রীকৃষ্ণ শ্রীদামাদির সহিত রসক্রীড়া করিয়া ছিলেন। ৫২। অতঃপর ভদ্রবননামক শ্রেষ্ঠ ত্রয়োদশ দল বিদ্যমান আছে। অনন্তর চতুর্দ্দশ দল, ইহা একটী সর্ব্ব-সিদ্ধি-প্রদস্থান। ৫৩। এই দলে পরমরুচির প্রসিদ্ধ সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যের হেতুভূত শ্রীবন বিরাজমান আছে। অধিকন্তু ইহা শ্রীকৃষ্ণের লীলারসে পরিব্যাপ্ত এবং শ্রী, কীর্ত্তি ও কান্তির পরিবর্দ্ধক ॥ ৫৪ ॥

লৌহবনকেই শ্রেষ্ঠ পঞ্চদশ দল বলা যায়। তদনন্তর কর্ণিকা-সমমাহাত্ম্য ষোড়শ দল কথিত হইয়াছে ॥ ৫৫ ॥

ঐ দলে নিতান্ত গুহ্য মনোহর মহাবন বিরাজিত। সেই স্থলে বৎসরক্ষক গোপশিশুগণের সহিত মিলিত হইয়া প্রভুর বাল্যলীলা সমাহিত হইয়াছিল। ৫৬। অপিচ তথায় পূতনাদির বধ ও যমলার্জ্জুন-ভঞ্জন সংসাধিত হয়। পঞ্চমবর্ষ বয়স্ক বালগোপালই উক্তদলের অধিষ্ঠাত্রী দেবতা। ৫৭। প্রেমানন্দরসের সাগরসদৃশ এই বালগোপাল দামোদর নামে অভিহিত হইয়া থাকেন। পূর্ব্বোক্ত কমলের আর

একটী সুপ্রসিদ্ধ সর্ব্বশ্রেষ্ঠ ও সর্ব্বোত্তম দল আছে। ৫৮। শ্রীকৃষ্ণক্রীড়াই উহ্যার কিঞ্জল্ক, উহাকে বিহারদল কহে। উক্ত দল বা তদীয় কিঞ্জল্ক প্রধানতঃ সিদ্ধগণই অধ্যুষিত আছে, এইরূপ কীর্ত্তিত হইয়া থাকে ॥ ৫৯ ॥

পার্ব্বতী কহিলেন,—হে মহাপ্রভো! আমি বৃন্দাবনের মাহাত্ম্য ও পরম অদ্ভুত রহস্য শ্রবণ করিতে ইচ্ছা করিতেছি। আপনি তাহাই আখ্যান করুন ॥ ৬০ ॥

ঈশ্বর উত্তর করিলেন, হে দেবি! আমি তোমার নিকট প্রিয়তম গুহ্য অপেক্ষা গুহ্যতম উত্তম রহস্যনিচয়ের রহস্যস্বরূপ দুর্লভ দ্রব্যব্যূহের মধ্যে দুর্লভ ত্রৈলোক্যগোপিত দেবাগ্রণীগণের সুপূজিত ব্রহ্মাদিবাঞ্ছিত দেবতা ও সিদ্ধ সমূহের সেবিত যোগীন্দ্র মুনিন্দ্র প্রভৃতির ধ্যানবিষয়ীভূত অপ্সরোগন্ধর্ব্বগণের নিত্য সঙ্গীতরসাশ্রিত পূর্ণানন্দ রসান্বিত পরম রমণীয় শ্রীবৃন্দাবনধামের বৃত্তান্ত পূর্ব্বেই বর্ণন করিয়াছি। এই বৃন্দাবনের ভূমি চিন্তামণি ও সলিল অমৃত রসপূর্ণ। ৬১। ৬২। ৬৩। ৬৪।

অত্রত্য বৃক্ষগণ কামধেনুবৃন্দ-সেবিত কল্পদ্রুম, রমণী লক্ষ্মী ও পুরুষ অংশাবিভূত বিষ্ণু। ৬৫। এই স্থলে সকলের মূর্ত্তিমান্ আনন্দস্বরূপ কৈশোর বয়স চিরবিরাজিত। বৃন্দাবনধামে সামান্য গতিই নাট্য, কথই গান এবং লোক মাত্রেরই নিরন্তর সহাস্য বদন। ৬৬। শুদ্ধসত্ত্ব বৈষ্ণবগণ প্রেমগদ্গদ হইয়া এই পরম ধামের বন আশ্রয় করিয়া আছেন। সমগ্র বৃন্দাবন ধামই স্ফূর্ত্তিমৎ ব্রহ্মমূর্ত্তিতে তন্ময় ও পূর্ণব্রহ্মসুখে মগ্ন হইয়া আছে। ৬৭। কোটি কোটি ভৃঙ্গাদি মধুপানে মত্ত হইয়া কল কূজন করত ঐ স্থানের

মনোহরতা সম্পাদন করিতেছে। তথায় কপোত ও শুক নিকর সঙ্গীতনিরত এবং অলিকুল উন্মত্ত। ৬৮। ময়ূরগণ নৃত্য করত সানন্দে কান্তার সহিত বিবিধ বিলাস সম্ভোগ করিতেছে। নানাবর্ণ কুসুমের পরাগে এই স্থান পরিপূর্ণ। ৬৯। উহার সুস্নিগ্ধ সৌরভ আঘ্রাণ করত ত্রিজগৎ মুগ্ধ হইয়া থাকে। মন্দার মারুতসহকারে ঋতুরাজ বসন্ত সর্ব্বদা এই পরম পদের সেবা করেন। ৭০। এখানে নিত্যইপূর্ণ চন্দ্রের অভ্যুদয় হয় এবং দিবাকর মন্দ মন্দ অংশু প্রকাশ করেন। অত্রত্য কোন ব্যক্তিই দুঃখ ও সুখের বিচ্ছেদ ভোগ করে না; (কোন কোন মতে বৃন্দাবন বাসীদিগের শ্রীকৃষ্ণে তন্ময়ত্ব নিবন্ধন দুঃখ, সুখ ও বিচ্ছেদ এই তিনেরই অভাব হয় বা তদ্বিষয়ে কোন প্রকার অনুভূতিই থাকে না।) জরা ও মরণের নামই নাই। ৭১। কাহারও ক্রোধ, মৎসরতা ও অহঙ্কার নাই, সকলেই অভিন্নহৃদয়। পূর্ণ আনন্দরূপ অমৃতরসে পূর্ণ প্রেমসুখের প্রবাহ নিরন্তর বাহিত হইতেছে। ৭২। এই শ্রীবৃন্দাবন পূর্ণ প্রেমস্বরূপ গুণাতীত পরম ধাম। অত্রত্য বৃক্ষাদি ও পুলকিত হইয়া প্রেমানন্দাশ্রু বর্ষণ করিতেছে। ৭৩। অতএব চেতনাযুক্ত বিষ্ণুভক্তগণের কথায় আর প্রয়োজন নাই; কারণ, অচেতনের এইরূপ ঈশ্বরপ্রেম বর্ণনা করিয়া চেতনের সম্বন্ধে বর্ণনীয় বাক্যেরই অভাব হইতেছে। শ্রীগোবিন্দের পাদরজঃস্পর্শে বৃন্দাবন পৃথ্বীতলে নিত্যধাম হইয়াছে। ৭৪। বৃন্দারণ্যই সহস্রদল কমলের বরাটক অর্থাৎ বীজকোষস্বরূপ। এই শ্রীবৃন্দাবনের স্পর্শ মাত্রেই পৃথিবী ত্রিভুবনে ধন্যা হইয়াছেন। ৭৫। বৃন্দাবনস্থ সমস্ত বস্তুই গুহ্য অপেক্ষা গুহ্যতম, রমণীয় ও পবিত্র। ইহা অক্ষর (অর্থাৎ অবিনশ্বর) অব্যয়

নিত্য আনন্দস্বরূপ শ্রীগোবিন্দের স্থান। ৭৬। এই স্থান গোবিন্দের দেহ হইতেও অভিন্ন ও পূর্ণব্রহ্মসুখের আশ্রয় স্বরূপ। এই স্থান স্পর্শ করিলেই মুক্তি হয়, অতএব ইহার মাহাত্ম্য বর্ণন করা কাহারও সাধ্যায়ত্ত নহে ॥ ৭৭ ॥

দেবি! তুমি সর্ব্বান্তঃকরণে এই বন হৃদয়স্থ কর। সেই রূপ বৃন্দাবনবিহারে কৈশোর (অর্থাৎ দশোত্তর পঞ্চদশ বর্ষাবধি)-বিগ্রহ [৭৮] এবং অন্যান্য স্থান ও বন বিহারে বাল্য, পোগণ্ড (অর্থাৎ পঞ্চোত্তর দশ বর্ষাবধি) ও যৌবন এই ত্রিবিধ বয়োরূপধারী শ্রীকৃষ্ণকে হৃদয়মন্দিরে ধ্যান করিবে। যমুনানদী এই বৃন্দারণ্যের (বা শ্রীকৃষ্ণের সম্বন্ধে) মকরন্দ অর্থাৎ পুষ্পমধুস্বরূপ; এই যামুন প্রদেশ কর্ণিকার দক্ষিণ সীমায় অবস্থিত। ৭৯। এই স্থান নানাবিধ প্রাকৃতিক ও কৃত্রিম কারুকার্য্যে বিশোভিত, কালিন্দীর সলিলসৌরভে এই স্থলের জীবমাত্রেরই মন মোহিত হয়। পবনহিল্লোলে সৌরভ বাহিত হইয়া যমুনার জলে মিশ্রিত হওয়াতে উহা মকরন্দ-(পুষ্পরস)-লক্ষ্মীর নিলয়স্বরূপ হইয়াছে। ৮০। আহা! পদ্ম, উৎপল প্রভৃতি নানাবর্ণের কুসুমে কালিন্দী-সলিল কেমন সমুজ্জ্বল রূপ ধারণ করিয়াছে। চক্রবাকাদি বিহগগণের মনোহর কলস্বনে উহার কি অপূর্ব্ব শোভাই সম্পাদিত হইয়াছে। ৮১। বিশেষতঃ তরঙ্গমালা উত্থিত হওয়াতে উহা আরও মনোহর হইয়াছে। যমুনারতটদ্বয় পরম রমণীয়; উহা বিশুদ্ধ কাঞ্চনে নির্ম্মিত। ৮২। এই কালিন্দী-তট একবার মাত্র স্পর্শ করিলে গাঙ্গতীর স্পর্শের কোটিগুণ ফল লব্ধ হয়। কর্ণিকা স্পর্শে তটের কোটিগুণ ফল উৎপন্ন হয়; কারণ, এই কর্ণিকায় স্বয়ং শ্রীহরি ক্রীড়ায় নিরত

থাকেন। ৮৩। কালিন্দী, কর্ণিকা ও শ্রীকৃষ্ণে কোন বিভি-ন্নতা নাই, এক বিগ্রহ বলিয়াই জানিবে ॥ ৮৪ ॥

শ্রীপার্ব্বতীদেবী কহিলেন, দয়াময়! গোবিন্দের কিরূপ সুন্দরাকৃতিবিশিষ্ট আশ্চর্য্য বয়স, আমি তাহাই শ্রবণ করিতে ইচ্ছা করিতেছি,—বর্ণন করুন ॥ ৮৫ ॥

মহেশ্বর বলিলেন, মঞ্জু মন্দারদ্রুমশোভিত, উক্ত বৃক্ষের যোজনোন্নত ও প্রশস্তশাখাপল্লবে মণ্ডিত, মহানন্দরসাশ্রিত, প্রবাল, (বৃক্ষপত্র) কুসুম ও গন্ধ সমন্বিত, অতএব অলিকুল-সেবিত সিদ্ধপীঠ রমনীয় মধ্যবৃন্দাবনে মহৎ পুষ্ট ও মহা-জ্যোতির্ম্ময় উত্তম গোবিন্দস্থান আছে। এই পরমপদ সাতটী আবরণ বিশিষ্ট; শ্রুতিনিচয় নিরন্তর এই স্থানের অনুসন্ধান করিয়াও নির্ণয় করিতে অক্ষম। ৮৬।৮৭।৮৮। তথায় মণি-মণ্ডপমণ্ডিত এক বিশুদ্ধ হৈম পীঠ বিরাজিত; তন্মধ্যে একটী মনোহর ভবন, উক্ত ভবনের অভ্যন্তরে একখানি সমুজ্জ্বল যোগপীঠ স্থাপিত আছে।৮৯। এই পীঠখানি অষ্টকোণ বি-শিষ্ট এবং নানাবিধ রত্নের প্রভায় নিতান্ত মনোহর। তদুপরি দেদীপ্যমান হেমমাণিক্যনির্ম্মিত এক সিংহাসন স্থাপিত আছে। ৯০। উক্ত সিংহাসনের উপরে কর্ণিকাধারে সুখের আশ্রয়স্বরূপ এক অষ্টদলকমল বিরাজিত। এইস্থান শ্রীগো-বিন্দের নিতান্ত প্রিয়; ইহার মহিমা বর্ণন করা যায় না।৯১।

পূর্ব্বোক্ত পদ্মাসনে অধিষ্ঠিত গোপীগণসেবিত ব্রজোচিত দিব্যবয়োরূপধারী কৃষ্ণ বৃন্দাবনেশ্বর ব্রজরাজ বিস্তৃ তৈশ্বর্য্য ব্রজনারীপ্রিয় কৈশোর অতিক্রমপূর্ব্বক যৌবনমুখে প্রবিষ্ট অতএব আশ্চর্য্যবিগ্রহ অনাদি অথচ সকলের আদিভূত নন্দগোপনন্দন শ্রুতিমৃগ্য (অর্থাৎ বেদনিচয়ের ও অনু-

সঙ্কেয়) অজ (অর্থাৎ যাহার জন্ম নাই) নিত্য (অর্থাৎ সনাতন, বা অবিনশ্বর) বল্লবীগণমনোহর পরমরূপ ও পরম জ্যোতিঃস্বরূপ দ্বিভুজ গোকুলেশ্বর গোপীনন্দন নিগুর্ণেক-কারণ সুনীলরত্নবৎ স্বচ্ছ ও শ্যাম কিরণে মনোহর নবীন নীরদশ্রেণীর ন্যায় সুস্নিগ্ধমোহনসুন্দর প্রফুল্ল ইন্দীবর-সদৃশকান্তি নিতান্ত সুখস্পর্শ দলিতঅঞ্জনপুঞ্জবৎ সুচিক্কণ শ্যামমোহন সুস্নিগ্ধ নীল কুটিল (অর্থাৎ কোঁকড়ান) ও নিতান্ত সুগন্ধি কুন্তলবান্ শ্রীমান্ গোবিন্দকে হৃদয়ে ধ্যান করিবে। ৯২। ৯৩। ৯৪। ৯৫। ৯৬। ৯৭। অপিচ তদীয় অঙ্গবিশেষের (অর্থাৎ মস্তকের) দক্ষিণ ভাগে মনোহর শ্যাম চূড়া শোভিত হইয়া থাকে। উক্ত চূড়া নানাবর্ণের সমুজ্জ্বল এবং প্রভাময় শিখণ্ডীপুচ্ছপত্রে মণ্ডিত। আহা! তাহাতে আবারমঞ্জুমন্দারকুসুমস্তবক আশ্রয়লাভ করাতে প্রভুর কি চারুভূষাই সম্পাদিত হইয়াছে! কোন স্থানে কেকীগণের পুচ্ছদলনির্ম্মিত মুকুটই ব্রজনাথের ভূষণপদবী প্রাপ্ত হইয়া থাকে। স্থল বিশেষে কখনও মণি মাণিক্য রচিত কিরীটও ধারণ করেন। প্রভুর বদন লোল (অর্থাৎ চঞ্চলগতি) অলকাবলী দ্বারা আবৃত হইয়া কোটি শশীর সদৃশ শোভা পাইয়া থাকে। ভালস্থ কস্তুরীতিলক হইতে গোরচনাদির মনোহর কান্তি নির্গত হয়। তদীয় লোচনযুগল নীল ইন্দীবর দলের ন্যায় সুস্নিগ্ধ ও সুদীর্ঘ। ভ্রূলতা, শ্লেষহাস্যাদি ব্যাপারে নিত্য করত নিরন্তর বাচী [অর্থাৎ বক্র] ভাবে অবস্থিত। নাসিকা উন্নত ও সুচারু, উহার সৌন্দর্য্যদর্শনে লোকের মন অপহৃত হয়। প্রভুর নাসাগ্রে ধৃত গজমুক্তার কিরণে ত্রিভুবন মুগ্ধ হয়। সিন্দূরসন্নিভ অরুণসুন্দর নন্দনন্দ-

নের সুস্নিগ্ধ অধোরষ্ঠযুগল কাহারই না মন হরণ করে? মকরাকৃতি স্বর্ণকুণ্ডল হইতে নানাবর্ণের প্রভা নির্গত হইয়া কি শোভাই বিস্তার করে! বাসুদেবের দন্তরূপ মুকুরে কুণ্ডলরশ্মি প্রতিভাত হইয়া অশেষ কান্তির বিকাশ হইয়া থাকে। তদীয় কর্ণস্থ উৎপল ও মন্দার কুসুম যেন মকর-কুণ্ডলেরও অলঙ্কারস্বরূপ হয়। প্রভুর মনোহর বক্রগ্রীবায় যেন ত্রৈলোক্যের সৌন্দর্য্যরাশিএকত্রিত হইয়াছে। দেদীপ্য মান মণিমাণিক্যজালে কম্বুকণ্ঠ বিভূষিত হইয়াছে। উরঃ-স্থলে শ্রীবৎসচিহ্ন ও কৌস্তুভ শোভিত, এবং মুক্তাহারে অনন্ত কান্তি প্রস্ফুরিত হইয়াছে। সমুজ্জ্বল দিব্য মাণিক্য-খচিত মনোহর কাঞ্চনে ভূষিত তদীয় করে কঙ্কণ ও কেয়ুর বিরাজিত। কটিতটে কিঙ্কিণী ভূষণ এবং মঞ্জুলমঞ্জীর অর্থাৎ নূপুরের সৌন্দর্য্যে লক্ষ্মীরনিবাসভূমিস্বরূপ তদীয় অঙ্ঘ্রিযুগল অধিকতর কান্তিমান্ হইয়াছে। কর্পূর, অগুরু, কস্তূরী ও চন্দনাদিদ্বারা দেহের মনোহর বিলাস সম্পাদিত হইয়াছে। গোরোচনাদি মিশ্রে মোহনরূপে অঙ্গরাগ সমাহিত হইয়াছে। পৃষ্ঠদেশে নয়নতর্পণ পীতধটী(অর্থাৎ ধড়া)বিরাজিত,পাদাগ্র-পর্য্যন্ত তাহার অঞ্চল দোদুল্যমান। গভীর নাভিকমল, তৎপার্শ্বে জাত রোমরাজির উপরিভাগে মাল্য অবনমিত। সুগোল জানুযুগল, মনোহর পাদপদ্ম; করপদতল ধ্বজ, বজ্র, অঙ্কুশ ও অম্ভোজচিহ্নে লাঞ্ছিত। তদীয় নখগত ইন্দুকিরণ-শ্রেণীই পূর্ণ ব্রহ্মের প্রধান কারণভূত। কেহ কেহ বলেন, তাহাতেই অর্দ্ধাংশই অব্যয় চিদ্রূপ ব্রহ্ম। ৯৮। ৯৯। ১০০। ১০১। ১০২। ১০৩। ১০৪। ১০৫। ১০৬। ১০৭। ১০৮। ১০৯। ১১০। ১১১। ১১২।

মনীষিগণ মহাবিষ্ণুকে তদীয়অংশাংশরূপে নির্দ্দেশ করিয়া থাকেন। প্রধান যোগীন্দ্রগণ সেই চিদ্রূপ ব্রহ্মকে বক্ষ্যমান আকারে হৃদয়ে ধ্যান করেন। ১১৩। যথা,—ত্রিভঙ্গ, যাব-তীয় ললিত সৃষ্টির সারনির্ম্মিত, বক্রগ্রীব, অনন্ত কোটিকন্দর্প অপেক্ষাকৃত সুন্দর, বামস্কন্ধে স্পৃষ্ট শোভনদন্ত ও দন্ত-পংক্তির উপরে স্বর্ণকুণ্ডলের কিরণ প্রতিফলিত হওয়াতে বিরাজিতমুখকান্তি, সাপাঙ্গদৃষ্টি, মহাস্যবদন, কোটিমন্মথ-সুন্দর, (এইস্থলে সরলভাবে দ্বিরুক্ততা দোষ সংঘটিত হই-য়াছে) কুঞ্চিত অধরে বিন্যস্ত বংশীর মনোহর কলস্বনে ত্রিভুবনমোহনকারী ও সুখার্ণবে মজ্জনকারী বাসুদেবই যোগীশ্বরনিকরের হৃদয়ের অমূল্য নিধি ॥ ১১৪ ॥ ১১৫॥১১৬।

শ্রীপার্ব্বতী কহিলেন,বৃন্দাবনেশ্বর কৃষ্ণ পরম কারণনিত্য নির্গুণৈককারণ ও গোবিন্দাখ্য মহৎ পদস্বরূপ।১১৭। দেব দেবপতে! তাঁহার রহস্যের সুন্দর মাহাত্ম্য ও ঐশ্বর্য্য শ্রবণ করিতে আমার নিতান্ত ঔৎসুক্য জন্মিয়াছে;অতএব প্রভো! আপনিই তাহা বর্ণন করুন ॥ ১১৮ ॥

ভূতনাথ উত্তর করিলেন, দেবি! যাঁহার চরণনখচন্দ্র কিরণের (বা জ্যোৎস্নার) মহিমারই অন্ত নাই, অতএব তদীয় মাহাত্ম্য যাবৎ বর্ণন করিতে পারি, তাবৎ কাল অবহিত হইয়া শ্রবণ কর।১১৯। অশেষ গুণত্রয়ের (সত্ত্ব রজ তমঃ) সমবায়ে অনন্তকোটি ব্রহ্মাণ্ড উৎপন্ন। চন্দ্রদেব তদীয় কলার কোটি কোটি অংশের কোটি কোটি অংশভূত। ১২০। সূর্য্যগ্রহগণ উক্ত চন্দ্রের প্রকাশক কোটি অংশ রশ্মি সম্পন্ন। পরমামোদজ্ঞানময় পরমাত্মস্বরূপ পরমানন্দরসামৃত-ময় তদীয় শ্যাম দেহের কিরণেই নির্গুণৈককারণ সমুদ্ভূত

হইয়াছে তদীয় অংশের কোটি কোটি অংশভূত জীবগণও তদীয় কিরণাত্মক। ১২১। ১২২। তদীয় পাদপঙ্কজযুগলের নখচন্দ্রগত মণিপ্রভাকেই মণীষিগণ পূর্ণব্রহ্মের ও বেদ দুর্গম (অর্থাৎ শ্রুতিতেও অপ্রকাশিত) কারণরূপে নির্দ্দেশ করেন। ১২৩। প্রভু যে রূপ ধারণ করিয়া ব্রহ্মাকেও মোহিত করিয়াছিলেন, তাহাও পূর্ণ নহে; তাহা তদীয় অংশসৌরভের অনন্তকোটি অংশমাত্র। তদীয় পাদাদি অঙ্গে স্পৃষ্ট পুষ্পচন্দন প্রভৃতির নানাবিধ সৌরভ হইতেই উহার উৎপত্তি। ১২৪। শ্রীকৃষ্ণবল্লভা রাধিকাই তাহার প্রিয়া আদ্যা প্রকৃতি। দুর্গাদি ত্রিগুণাত্মিকা সমস্ত দেবীই উক্ত আদ্যা প্রকৃতির কলার কোটি কোট্যংশ স্বরূপ।১২৫। পূর্ব্ব কথিত পরম পুরুষের পাদরেণুস্পর্শে কোটি বিষ্ণু উৎপন্ন হইয়া থাকে॥ ১২৬॥

দ্বিতীয় অধ্যায়

শ্রীপার্ব্বতী দেবী প্রশ্ন করিলেন প্রভো! এই শ্রীগোবিন্দের আবরণ ও পারিষদগণের নাম কি? কৃপাময়! আমার ইহা শ্রবণে নিতান্ত ঔৎসুক্য হইতেছে, অতএব এই বিষয় সবিস্তরে বর্ণন করুন॥ ১॥

ঈশ্বর কহিলেন, পূর্ব্বোক্তপ্রকার লাবণ্যবিশিষ্ট দিব্য-ভূষণ ও মাল্যাম্বরধারী ত্রিভঙ্গ মঞ্জু সুস্নিগ্ধ গোপীগণনয়ন-তারকাস্বরূপ শ্রীগোবিন্দ রাধার সহিত রত্নসিংহাসনে অধি-ষ্ঠিত আছেন। তাহার বহির্ভাগে স্বর্ণসিংহাসনাবৃত যোগপীঠ বিরাজিত। ২। ৩। তাহাতে প্রত্যঙ্গবেগাসক্ত ললিতা প্রভৃতি কৃষ্ণপ্রিয়া প্রধান অষ্টপ্রকৃতি অবস্থান করিতেছেন। তন্মধ্যে শ্রীরাধিকাই মূল প্রকৃতি। ৪। শ্রীকৃষ্ণের সম্মুখে ললিতা দেবী, বায়ুকোণাবচ্ছেদে শ্যামলা, উত্তরে শ্রীমতীধন্যা, ঈশান কোণে শ্রীহরিপ্রিয়া, পূর্ব্বেবিশাখা, অগ্নিকোণে শৈব্যা, দক্ষিণে পদ্মা ও নৈঋতকোণে ভদ্রা নামে কৃষ্ণসহচরী শোভা পাইতেছেন। ৫। ৬। অগ্রভাগে সহস্র সহস্র গোপকন্যা শ্রীকৃষ্ণে আত্মসমর্পণপূর্ব্বক একাগ্রচিত্তে দণ্ডায়মান আছেন। তাঁহারা বিশুদ্ধকাঞ্চনপুঞ্জসদৃশকান্তি সুপ্রসন্না সুলোচনা কোটিকন্দর্পতুল্যলাবণ্যা কিশোরবয়স্কা দিব্য অলঙ্কারে বিভূষিতা নাসাগ্রে ধৃতগজমৌক্তিকা বিচিত্রবেশাভরণা চারু-চঞ্চললোচনা হৃদয়ে সদা কৃষ্ণরূপধ্যানপরা ও তদীয়া-লিঙ্গনসমুৎসুকা শ্যামরূপ অমৃতরসে মগ্না শ্রীকৃষ্ণের ভাবে উন্মত্তা ও নেত্রোৎপলপূজিত শ্রীকৃষ্ণ চরণকমলেঅর্পিতচিত্তা। ৭। ৮। ৯। ১০। অনন্তর দক্ষিণ পার্শ্বে জগন্মোহনরূপিণী একান্তঃকরণে কৃষ্ণলালসা নানাবিধ পঞ্চস্বরালাপে (অর্থাৎ সঙ্গীতে) ত্রিভুবন মোহনকারিণী প্রেমবিহ্বলা হইয়া শ্রীগো-বিন্দের নিগূঢ় রহস্যগানে তৎপরা সহস্র সহস্র অযুত অযুত পরিমাণে শ্রুতিকন্যাগণ বিরাজিত আছেন। ১১। ১২। বামভাগে দিব্যাবেশরসময়ী নানাবৈদগ্ধ্য (অর্থাৎ সরস বাক্যচাতুর্য্য, গতিবিলাসাদি)-নিপুণা দিব্য অশেষ

বেশবিশিষ্টা প্রাকৃতিক সৌন্দর্য্যে আশ্চর্য্যলাবণ্যবতী অপাঙ্গদৃষ্টিমনোহরা নির্লজ্জা (অর্থাৎশ্রীকৃষ্ণের সহবাসে ব্রহ্মজ্ঞান উদিত হওয়াতে অপগতঅবিদ্যাকৃতমোহা অতএব পরিত্যক্তলজ্জা) উৎসুকা তদ্ভাবমগ্নমানসা সস্মিতবক্রদৃষ্টি অসংখ্য দেব কন্যা শোভা পাইতেছেন। ১৩। ১৪। তৎপরে শ্রীকৃষ্ণের প্রিয়পারিষদাবৃত মন্দির বহির্দ্দেশে সমানবেশ সমবয়স্ক সমানবলপৌরুষ সমান গুণ সমকর্ম্মা সমানাভরণ সমশ্রী সমস্বরে সঙ্গীত ও বেণুবাদনে তৎপর কৃষ্ণসহচরনিকর অবস্থিতি করিতেছেন। ১৫। ১৬। পশ্চিম দ্বারে শ্রীদামা, উত্তরে সুদামা, [১৭] পূর্ব্বে বসুদামা ও দক্ষিণে কিঙ্কিণী-তদ্বাহ্যে সুবর্ণমন্দিরাবৃত স্বর্ণবেদীর অন্তরস্থ কাঞ্চনাভরণভূষিত এক হেমপীঠ সুশোভিত। তদুপরি প্রভু, স্তোককৃষ্ণ, অংশুভদ্র প্রভৃতি অযুতাযুত গোপালগণ। ১৮। ১৯। ও লক্ষসংখ্যক পয়ঃস্রাবী গোবৃন্দে সমাবৃত হইয়া লীলা করিতেছেন। উক্ত গোপালবর্গ প্রভুর সমান বয়োবেশ আকৃতি ও স্বরবিশিষ্ট এবং তাহারই ন্যায় শৃঙ্গ, বীণা, বেত্র ও বেণু ধারণ করত তদীয় গুণ ধ্যানযোগে রসবিহ্বল হইয়া গান করিতেছে। বিচিত্ররূপা কৃষ্ণসহচরগণ প্রভুর ভাবে মুগ্ধ হইয়া চিত্রার্পিতের ন্যায় সদা আনন্দাশ্রু বর্ষণ করিতেছে। উক্ত গোপকিশোরগণের সর্ব্বাঙ্গ পুলকে পূরিত এবং তাঁহারা যোগাভ্যাস না করিয়াও যোগীন্দ্রগণের ন্যায় প্রভুর ভাবে বিস্মিত। ২০। ২১। তাহার বাহ্যদেশে কোটি সূর্য্যবৎ সমুজ্জ্বল সুবর্ণময় প্রাচীর ;। ২২।। তাহারচারিদিকে মঞ্জুসৌরভ মোহিত মহোদ্যান। পশ্চিমমুখে লক্ষ্মীনিলয় পারিজাত দ্রুমশ্রেণী বিরাজিত। ২৩। উহার অধোদেশে

স্বর্ণমন্দিরবেষ্টিত একখানিস্বর্ণপীঠ সংস্থাপিত আছে;তন্মধ্যে মণিমাণিক্যমণ্ডিত একখানি উজ্জ্বল সিংহাসন অবস্থিত ।২৪। তাহার উপরিভাগে অধ্যাসিত পরমানন্দস্বরূপ ত্রিগুণাতীত চিদ্রূপ সর্ব্বকারণের কারণভূত ইন্দ্রনীল-(নীলরত্ন অর্থাৎ মরকত মণি)-সদৃশ ঘনশ্যাম নীলকুঞ্চিত কুন্তল কমলদলবৎ বিশালনেত্র মকরাকৃতি কুণ্ডলধারী চতুর্ভুজে যথাক্রমে পদ্ম, চক্র,অসি, গদা ও শঙ্খাদি আয়ুধধৃত আদ্যন্তরহিত সনাতন প্রধানপুরুষোত্তম জ্যোতিঃস্বরূপ মহাবিক্রম পুরাণপুরুষ বনমালী পীতাম্বরধর স্নিগ্ধদিব্যভূষণভূষিত দিব্য অনুলেপন-(অর্থাৎ চন্দনাদি) বিশিষ্ট অঙ্গরাগ সম্পাদনে মনোহর কান্তি জগৎপ্রভু বাসুদেবকে ধ্যান করিবে ।২৫।২৬।২৭।২৮। রুক্মিণী, সত্যভামা, নাগ্নজিত্যা সুলক্ষণা, [২৯] মিত্রবিন্দা,সুনন্দা, জাম্বুবতী ও সুশীলা এই অষ্ট প্রিয়া মহিষী বাসুদেবকে বেষ্টন করিয়া থাকেন। ৩০। উদ্ধব প্রভৃতি পারিষদবর্গও পরমভক্ত বৃষ্ণিগণও এইস্থলে প্রভুর সেবায় নিরত আছেন। তদুত্তরে হরিচন্দন দ্রুমান্বিত মহোদ্যান শোভিত। ৩১। তাহার নিম্নভাগে মণিমণ্ডপ মণ্ডিত হেমপীঠ বিরাজিত। তন্মধ্যে সিংহাসনের দ্বারা সমুজ্জ্বল সুবর্ণ রচিতদল ;॥ ৩২ ॥ তাহাতে ঈশ্বর প্রিয় অনন্ত রূপী সমানগুণরূপবান। বিশুদ্ধ স্ফটিকপ্রভ রক্তকমলদললোচন নীলপট্টধর স্নিগ্ধ দিব্যভূষণ বস্ত্রমাল্যালঙ্কৃত সদা মধুপানে আসক্ত মত্ততানিবন্ধন আঘূর্ণিত নেত্র হলায়ুধ দেব সংকর্ষণ রেবতীর সহিত অধিষ্ঠিত আছেন। ৩৩। ।৩৪। প্রাচীরের দক্ষিণভাগে মনোহর উদ্যান মধ্যস্থলে ।৩৫। সন্তানবৃক্ষ মূলে পরম মোহন মন্দির বিরাজিত,

তন্মধ্যে মণিমাণিক্য খচিত দিব্য সিংহাসন শোভা পাইতেছে ।৩৬। তদুপরি ভুবনমোহন সৌন্দর্য্য সমূহের সাররসান্বিত কৃষ্ণাঞ্জনপুঞ্জকান্তি অরবিন্দদলেক্ষণ দিব্যবেশভূষাভূষিত দিব্য গন্ধানুলেপনে বিলিপ্তাঙ্গ জগন্মোহন অশেষ সৌন্দর্য্যে অপরূপ কলেবর প্রদ্যুম্ন (অর্থাৎ শ্রীকৃষ্ণ তনয় মদন) দেব পত্নী রতির সহিত সঙ্গত হইয়া সুখে অবস্থান করিতেছেন ।৩৭।৩৮। পূর্ব্ব উদ্যানে কল্পদ্রুমসমাশ্রিত মহারণ্য শোভা পাইতেছে ;।৩৯। তাহার অধোদেশে স্বর্ণমণ্ডপে মণ্ডিত মহাপীঠ দেদীপ্যমান রহিয়াছে। তদভ্যন্তরে সমুজ্জ্বল দিব্য সিংহাসন অধিষ্ঠাপিত আছে।৪০। উক্ত সিংহাসনে পরমানন্দময় ঘনশ্যাম সুস্নিগ্ধকান্তি নীলকুন্তল নীলোৎপলদলের ন্যায় স্নিগ্ধ চারু ও চঞ্চল লোচন শোভিত উন্নত বক্র সুন্দর ভ্রূলতা রাজিত সুকপোল সুনাসিক (অর্থাৎ সুন্দর নাসিকা বিশিষ্ট) সুগ্রীব (অর্থাৎ শোভন গ্রীবাবান্) সুন্দরোরস্ক মনোহর অপেক্ষা মনোহর (বা মনোহরেরও মনোহর কিরীটধারীকুণ্ডলালঙ্কৃত কণ্ঠভূষাবিভূষিত মনোহর নূপুর মাধুরীচ্ছটায় অপূর্ব্ব সুষমাবিশোভিত প্রিয় সেবকারাধ্য সঙ্গীতপ্রিয় পূর্ণব্রহ্মরসানন্দময়শুদ্ধসত্বস্বরূপ জগৎপতি শ্রীমান্ অনিরুদ্ধ (প্রদ্যুম্ন পুত্র) ঊষাদেবীর সহিত বিরাজমান আছেন।৪১।৪২।৪৩।৪৪। তাঁহার উদ্দেশে অন্তরীক্ষে সমস্ত ঈশ্বর অর্থাৎ অনিমাদি ঐশ্বর্য্য বিশিষ্ট মহাত্মগণেরও ঈশ্বর (অর্থাৎ প্রভু) স্বরূপ।৪৫। স্বয়ং অনাদি কিন্তু সকলের আদিভূত চিদ্রূপ চিদানন্দপর প্রভু (অর্থাৎ সর্ব্বশক্তিময়) ত্রিগুণাতীত অব্যক্ত নিত্য অক্ষর (অর্থাৎ ক্ষয়বিহীন) অব্যয় নবীননীরদকান্তির ন্যায় মধুর সুন্দর শ্যাম বিগ্রহ নীল কুঞ্চিত

সুস্নিগ্ধকেশপাশে নিতান্ত সুন্দর অরবিন্দদলের ন্যায় স্নিগ্ধ সুদীর্ঘ চারু নেত্রবিশিষ্ট কিরীট কুণ্ডল প্রভায় ত্রিভুবনমোহন চতুর্ভুজে ধৃত চক্র,পদ্ম,গদা ও শঙ্খ শোভায় বিভাসিত কঙ্কণ অঙ্গদ,কেয়ূর,কিঙ্কিণী ও মঞ্জুল নূপুরে বিভূষিত শ্রীবৎসচিহ্ন ও কৌস্তুভমণিধারী শোভাময় বনমালালঙ্কৃত মনোহর মুক্তা ফলের মহাহারে প্রদীপ্তবক্ষঃস্থল হেমাম্বর-(হেমের ন্যায় পীতবর্ণ অথবা সুবর্ণ তন্তু অর্থাৎ জরীদ্বারা নির্ম্মিত বস্ত্র) ধর গরুড়বাহন লক্ষ্মী ও সরস্বতী কর্ত্তৃক আশ্রিতোভয় পার্শ্বপূর্ণ ব্রহ্ম সুখৈশ্চর্য্য বিশিষ্ট অনন্ত মাধুর্য্য রসান্বিত মুনীন্দ্রগণ স্তূয়মান প্রিয় পারিষদে আবৃত সর্ব্বকারণভূত বিশ্বপতি-যোগেশ্বরেশ্বর শ্রীবিষ্ণুকে স্মরণ করিবে।৪৬। ৪৭। ৪৮।৪৯ ৫০। ৫১। ৫২। আধার তাহার নিম্নভাগে পাতাল প্রদেশে শক্তির অধিষ্ঠান। ৫৩। তথায় মণিমণ্ডপের মধ্যে উজ্জ্বল মণিময় সিংহাসন বিরাজিত। তদুপরি প্রভুর রূপধ্যানতৎ-পর শ্রীযুক্ত অনন্ত দেবকে হৃদয়পটে চিত্রিত করিয়া চিন্তা করিবে। ৫৪। সেই স্থলের অভ্যন্তরেই স্ফটিকাদি নির্ম্মিত উন্নত মনোহর প্রাচীর চতুর্দ্দিকে তাহারপ্রতিভা বিকীর্ণহইয়া কি উজ্জ্বল শোভাই হইয়াছে। ৫৫। তত্রত্য পুষ্পসৌরভে ত্রিজগৎ মুগ্ধীকৃত হইয়াছে। পূর্ব্বোক্তরূপ ভগবান্ বিষ্ণুর পুরোভাগে বিধি, সুরেন্দ্র ও শঙ্করাদি সমস্ত দেবগণ। ৫৬। স্ব স্ব ভূষণ ও বাহন সমন্বিত হইয়া মনোহর স্বর্গীয় সৌন্দর্য্য বিস্তার করত অপেক্ষা করিতেছেন। ত্রিভুবনই যেন উৎসুক হইয়া তদীয় চরণে যথেপ্সিত বর প্রার্থনা করি-তেছে। ৫৭। দক্ষিণ পার্শ্বে শুদ্ধসত্ত্বান্বিতাত্মা [অর্থাৎ যাঁহার আত্মায় বিশুদ্ধ সত্ত্বগুণ ব্যতিরেকে রজঃ ও তমো-

গুণের লেশ মাত্র নাই] মুনিবৃন্দ ভক্তি পরায়ণ হইয়া কেবল বিষ্ণুভক্তিরূপ সাধনেই [অর্থাৎ ভক্তিমার্গ আশ্রয় পূর্ব্বক] ধর্ম্ম কামনা করিতেছেন। ৫৮। পশ্চাদ্-ভাগে মহাত্মা সনক প্রভৃতি আত্মারাম [অর্থাৎ যাঁহারা কেবল অন্তরাত্মায় অনন্ত সুখে ক্রীড়া করত শান্তি সম্ভোগ করেন এবং বাহ্য জ্ঞান হইতে বিরত হইয়াছেন] চিদ্রূপ [অর্থাৎ জ্ঞানময়] তদীয় মূর্ত্তিতেই স্ফূর্ত্তিমান্ যোগীন্দ্রবৃন্দ হৃদয়ে নারায়ণবিষ্ণুধ্যানপরায়ণ ও নাসিকাগ্রে ন্যস্তলোচন হইয়া হৃদয়, বুদ্ধি ও কায় সহকারে প্রভুর প্রতি অহৈতুক [অর্থাৎ অকারণ,—কোন ভবিষ্য ফল কামনা না করিয়া] ভক্তি করিয়া থাকেন। ৫৯। ৬০। বাম অংশে সিদ্ধ, গন্ধর্ব্ব, যক্ষঃ,বিদ্যাধরাদি ও সস্ত্রীক অপ্সরোবর্গ নিত্য সঙ্গীত বিধান করে ॥ ৬১ ॥

কৃষ্ণলালসাপর হইয়া সকলে তদীয় চরণ ভজনাপূর্ব্বক নিজ নিজ মনোগত সিদ্ধি প্রার্থনা করিতেছেন। তাহার অগ্রভাগে প্রহ্লাদ, নারদ, কুমার [অর্থাৎ পঞ্চম বর্ষীয়] শুক প্রভৃতি বৈষ্ণবগণ ও জনকাদি জীবন্মুক্ত মহাত্মনিচয় অন্তরীক্ষে সুখাসনে আসীন হইয়া ভাবগদ্গদ সততস্ফূর্ত্তির পর পুলকিত কলেবর সুবিকাশিত প্রেমসমাকুল ও রহস্যা-মৃতসংসিক্তভাবে যুগ্মাক্ষর [অর্থাৎ দুইটী অক্ষরে গঠিত] বিষ্ণু মন্ত্র জপ করিতেছেন ॥ ৬২ ॥ ৬৩ ॥ ৬৪ ॥

উক্ত মন্ত্র সমস্ত মন্ত্রের চূড়ামণিস্বরূপ ও সকল মন্ত্রের এককারণভূত। বিষ্ণুমন্ত্রই সর্ব্বদেবতার মন্ত্র নিচয়ের জীবন ।৬৫। আবার সমস্ত বিষ্ণুমন্ত্রের মধ্যে কৃষ্ণমন্ত্রই কারণ। কৃষ্ণমন্ত্র সমূহের মধ্যে কৈশোরই মন্ত্রহেতু।৬৬। কৈশোরমন্ত্র

সমূহের মধ্যে চূড়ামণি মন্ত্রই হেতুভূত। পূর্ণ প্রেমসুখাবেগ পরিচালিত হইয়া পূর্ব্বোক্ত ভক্ত সাধকগণ উল্লিখিত মন্ত্র হৃদয়ে জপ করেন। ৬৭। এইরূপে জপে সিদ্ধ হইয়া তাঁহারা কোনরূপ ভোগাদি কামনা করেন না, কেবল প্রভুর পাদ-পদ্মে নিশ্চল প্রেমসাধনই বাঞ্ছা করিয়া থাকেন। তাহার বাহুদেশে স্ফটিকাদি রচিত উচ্চ প্রাচীর বেষ্টনে মনোহর। ৬৮। চতুর্দ্দিকে সমুজ্জ্বল শ্বেতরক্তাদি কুঙ্কুমে শোভিত লোকপাবন পরমপদ আছে ॥ ৬৯ ॥

উক্ত শ্রেষ্ঠ স্থানের উত্তর দ্বারে কিরীটকুণ্ডল ভূষণে বিভাসিত শঙ্খচক্রকমলায়ুধ গৌরবর্ণ চতুর্ভুজ বিষ্ণু দ্বারপাল রূপে অধিষ্ঠিত আছেন ॥ ৭০ ॥

কিরীটকুণ্ডলাদিশোভিত বনমালালঙ্কৃত গৌরবর্ণ বিষ্ণুই পূর্ব্বদ্বারের দ্বাররক্ষক রূপেই কীর্ত্তিত হইয়া থাকেন ॥ ৭১ ॥

পশ্চিম দ্বারে শঙ্খচক্র গদাপদ্মধারী রক্তবর্ণ চতুর্ভুজ বিষ্ণু দ্বাররক্ষী নিযুক্ত আছেন ॥ ৭২ ॥

কৃষ্ণবর্ণ চতুর্ব্বাহু শঙ্খ চক্রাদিভূষিত ঘোররূপী শ্রীবিষ্ণুই দক্ষিণ দ্বারের রক্ষক। এইরূপে চারিদ্বারের দ্বারপালরূপে শ্রীবিষ্ণুকে পূর্ব্বোক্ত প্রকারে ধ্যান করিবে ॥ ৭৩ ॥

তৃতীয় অধ্যায়।

শ্রীপার্ব্বতী কহিলেন,ভগবন্ সর্ব্বভূতপতে সর্ব্বাত্মন্ বিশ্ব বিধাত করুণাময় দেবদেব মহাদেব !। ১। আমি ইতিপূর্ব্বেই আপনার যথেষ্ট অনুগ্রহ লাভ করিয়াছি; কিন্তু প্রভো! অদ্য পুনরায় মৎপ্রতি অনুকম্পা প্রকাশ করিতে হইতেছে। আপনি ত্রৈলোক্যমোহন মন্ত্রও আখ্যান করিয়াছে।২। এক্ষণে জিজ্ঞাস্য এই যে, সেই মহামোহন মূর্ত্তি দেব শ্রীকৃষ্ণ গোপীগণের কোন্ পুন্য বিশেষে তাঁহাদিগের সহিত ক্রীড়া করিয়াছিলেন। আপনি তাহাই বিশদরূপে বিবৃত করুন ॥ ৩ ॥

মহাদেব বলিলেন,—একদা মুনিপ্রবর নারদ শ্রীকৃষ্ণ পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন জানিয়া বীণা বাদন করত নন্দগোকুলে প্রস্থান করিলেন ॥ ৪ ॥

মহাযোগী দেবর্ষি তথায় গিয়া নন্দের আলয়ে বাল্য কালোচিত নৃত্যপরায়ণ যোগেশ্বর বিভু অর্থাৎ সর্ব্বশক্তিময় অচ্যুতদেবকে দর্শন করিলেন।৫। দেখিলেন, প্রভু তথায় সুকোমল বসনে আস্তীর্ণ সুবর্ণময় পর্য্যঙ্কের উপরে শয়ান আছেন এবং গোপকন্যাগণ অনিমেষ লোচনেও সানন্দে তাঁহাকে নিরন্তর নিরীক্ষণ করিতেছেন।৬। প্রভুর অঙ্গ অতীব সুকুমার, আহা! তদীয় দৃষ্টির মাধুর্য্য সুন্দর অপেক্ষাও সুন্দর; নীল অথচ কুটিলকুণ্ডলাবলী ইতস্ততঃ বিস্রস্ত।৭।প্রভুর ঈষৎ-হাস্য দর্শন করিলে বোধ হয়, যেন একটী ভ্রমরের উদরাধো-ভাগে পুষ্পমুকুল বিরাজিত; তদীয় প্রভায় সমগ্র ভুবনোদর

প্রতিভাসিত হইতেছে ।৮। কিন্তু নারদ প্রভুর দিগম্বর অবলোকন করিয়া নিতান্ত হর্ষিত হইলেন। অনন্তর তিনি গোপতি-নন্দকে সম্ভাষণ করিয়া নারায়ণ পরায়ণ ব্যক্তিবর্গের জীবন অপেক্ষাও দুর্লভ বক্ষ্যমাণরূপ প্রভুর প্রিয় মাহাত্ম্য বর্ণন করিতে লাগিলেন ॥ ৯ ॥ ১০ ॥

নারদ কহিলেন,ইহ সংসারে এই শিশুর অতুল প্রভাব কেহই জানেন না। শঙ্কর বিধি প্রভৃতিও এই বালকে শাশ্বতী (অবিচ্ছিন্ন অর্থাৎ যাহার কোন কালে বিচ্ছেদ বা নাশ নাই) রতি কামনা করেন। ১১। এই শিশুর চরিত সকলেরই হর্ষপ্রদ; মাদৃশ ব্যক্তিবর্গ তাহা সানন্দে গান শ্রবণ ও অভিনন্দন করিয়া থাকেন। ১২। তোমার এই অচিন্ত্য প্রভাব বিশিষ্ট সুতে যাহারা স্নিগ্ধ মানস হইবেন, তাঁহাদিগের ভববাধা থাকিবে না ॥ ১৩ ॥

হে সাধুপ্রবর ! ঐহিক ও পারত্রিক সমস্ত ভোগাশা ও গৃহকর্ম্ম সর্ব্বপ্রকার পরিহার পূর্ব্বক একান্তভাবে এই বালকে প্রীতি আচরণ কর। ১৪। এইরূপ কহিয়া, মুনিপুঙ্গব নারদ নন্দভবন হইতে নিষ্ক্রান্ত হইলেন। নন্দ বিষ্ণুবুদ্ধিতে তাঁহাকে অর্চনা করিয়া প্রণতি পূর্ব্বক বিদায় দিলেন ॥ ১৫ ॥

অনন্তর উক্ত মহাভাগবত ভগবানে নিতান্ত ভক্তি পরায়ণ মুনি চিন্তা করিলেন যে, ইহার পত্নী ভগবতী, রমাদেবী বৈকুণ্ঠ পরিত্যাগ করিয়া গোপিকারূপ ধারণ করত শার্ঙ্গধন্বার ক্রীড়ার্থ অবশ্য অবতীর্ণা হইবেন, সন্দেহ নাই। ১৬। ১৭। অদ্য আমি ব্রজবাসিগণের গৃহে তাঁহার অনুসন্ধান লইতেছি। মুনিবর মনে মনে এইরূপ বিচার করিয়া অতিথিভাবে ব্রজবাসীদিগের গৃহে প্রবেশ করিতে লাগিলেন

বল্লবর্ন্দ বিষ্ণুবোধে তাঁহাকে যথোচিত পূজাসৎকার করিতে লাগিল। মুনিবর সমস্ত গোপাদির নন্দনন্দনে পরম আসক্তি অবলোকন করিয়া সকলকেই মনে মনে প্রণাম করিলেন। বিশেষতঃ তিনি গোপাল নিচয়ের গৃহে অদ্ভুতরূপিণী বহুতর বালিকা দর্শন করিলেন। ১৮। ১৯। ২০।

দেবর্ষি উক্ত কন্যাগণকে নিরীক্ষণ করিয়া মনে বিচার করিলেন, ইহারা সকলেই নারায়ণী, তাহাতে কোন সংশয় নাই। অতঃপর ধীমান্ ঋষিশ্রেষ্ঠ নন্দমিত্র মহাত্মা ভানুনামক কোন গোপ প্রবরের মহৎগৃহে প্রবেশ করিলেন। মহামনাঃ দেবর্ষি ভানুর যথাবিহিত পূজা গ্রহণ পূর্ব্বক তাঁহাকে কহিলেন, সাধো! তুমি স্বীয় ধর্ম্মনিষ্ঠতা দ্বারাই ভুবনে বিখ্যাত হইয়াছ; অতএব আমি তোমার ধনপুত্রাদি সমৃদ্ধি কামনা করি। ২১। ২২। ২৩। তোমার কি কোন যোগ্য পুত্র অথবা শুভলক্ষণা কন্যা আছে? তাহাহইলে তদ্দ্বারা তোমার অখিল কীর্ত্তি ত্রিলোকে ব্যাপ্ত হইবে ২৪॥

মুনির বাক্যানুসারে তাঁহার দর্শনার্থ মহাতেজস্বী স্বীয় পুত্রটীকে আনিয়া নারদকে অভিনন্দন করাইলেন। ২৫। মুনিবর ভূতলে অতুলরূপবান্ কমলদলবিশাললোচন সুগ্রীব সুন্দরভ্রূ চারুদন্ত চারুবর্ণ আয়তচারুভুজ ঈষদ্গৌরতনু চারু-কটি সেই বালককে দর্শন করিয়া রামকৃষ্ণসদৃশ প্রেম সহকারে তাহাকে স্বীয় ক্রোড়ে আরোপিত করিলেন। অনন্তর বাহুযুগলের দ্বারা গাঢ় আলিঙ্গন করিয়া স্নেহাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। ২৬। ২৭। ২৮। তৎপরে উক্ত মহামুনি সপ্রণয়ে গদ্গদস্বরে কহিলেন, তোমার এই শিশু রাম ও কৃষ্ণের পরম সখা হইবে। ২৯। অপিচ তোমার তনয় অতী-

৮৭০৬ তাং ১৪/৭/৬৭

ততন্দ্র (অর্থাৎ আলস্য পরিত্যাগ পূর্ব্বক) হইয়া অহর্নিশ পূর্ব্বোক্ত ভ্রাতৃযুগলের সহিত বিহার করিবে। ততঃপর মুনি-পুঙ্গব! সেই গোপপ্রবরকে সম্ভাষণ করিয়া।৩০।যখন গমনো-দ্যত হইলেন, তখন ভানু কহিলেন, ব্রহ্মন্! আমার দেব-পত্নীসমা এক কন্যা আছে। ৩১। সে এই শিশুর কনিষ্ঠা, এবং জড়, অন্ধ ও বধির। হে ভগবত্তম! আমি তাহার স্নেহে আবদ্ধ হইয়া আপনার নিকট প্রার্থনা করিতেছি, ৩২। আপনি প্রসন্ন দৃষ্টি দ্বারা ঐ বালিকাকে সুস্থিরা করুন। নারদ এই কথা শুনিয়া কৌতুকী ও হৃষ্টমনা হইয়া। ৩৩। তাহাকে আনয়ন কর, এইরূপ আদেশ পূর্ব্বক পুনর্ব্বার উপবেশন করিলেন। ৩৪। ভানুও অতিস্নেহে বিহ্বলমানস হইয়া ঐ কন্যাকে ক্রোড়ে গ্রহণপূর্ব্বক ভক্তিনম্রভাবে মুনি-সমীপে আনয়ন করিলেন। ৩৫। অনন্তর কৃষ্ণের অতিপ্রিয় ভাগবতশ্রেষ্ঠ মুনি সেই কন্যার অদৃষ্টাশ্রুতপূর্ব্ব অদ্ভুত রূপ দর্শন করিয়া অনুভবনীয় রসে মুগ্ধ হইয়া ভগবান হরির প্রেম-রূপ আনন্দসাগরে নিমগ্ন ও ক্ষণকালের জন্য নিশ্চেষ্ট হই-লেন। তদনন্তর মহাবুদ্ধি মুনি প্রতিবুদ্ধ হইয়া লোচনদ্বয় উন্মী-লন পূর্ব্বক ৩৬।৩৭।৩৮। মহাবিস্ময়াপন্ন ও নিস্তব্ধ হইলেন, এবং অন্তরে এইরূপ চিন্তা করিতে লাগিলেন,।৩৯। সকল লোকে-রই ভ্রান্তি আছে। আমি স্বচ্ছন্দচারী, কিন্তু কুত্রাপি এরূপ রূপ অবলোকন করি নাই।৪০। ব্রহ্মলোকে রুদ্রলোকে বিষ্ণু-লোকেও আমার গতি আছে। কোনস্থানেই ইহার শোভার কোটি অংশের একাংশও দর্শন করি নাই।৪১। যাঁহার রূপে সমস্ত চরাচর মুগ্ধ হয়, সেই শৈলেন্দ্রনন্দিনী ভগবতী মহা-মায়াকেও দর্শন করিয়াছি। ৪২। তিনিও ইহাঁর সুকুমার

অঙ্গের ন্যায় শোভা ধারণ করেন না। লক্ষ্মী, স্বরস্বতী ও অপরাপর সুন্দরীগণও ।৪৩। ইহার শোভার ছায়ার সদৃশও নহেন। বিষ্ণুর যে মোহন রূপে মহাদেব বিমোহিত হইয়াছিলেন,।৪৪। আমি তাহাও দেখিয়াছি, কিন্তু সেসকল রূপও ইহার সদৃশ নহে। অতএব ইনি কে,এইরূপ ইহাঁর তত্ত্ব অবগত হইতে আমার কিছুমাত্র শক্তি নাই। ৪৫। অন্য কেহই ইহাঁর স্বরূপ অবগত নহে। ইনি হরির প্রেয়সী। ইহাঁর দর্শন মাত্রেই গোবিন্দচরণাম্বুজে যেরূপ প্রেম হইয়াছিল,। ৪৬। তদ্রূপ প্রেম আর কখনই উদিত হয় নাই। ভগবতি! আপনাকে নির্জনে একান্তমনে প্রণাম করি আমাকে নিজের বৈভব প্রদর্শন করুন। ৪৭। ভগবান শ্রীকৃষ্ণও ইহাকে প্রাপ্ত হইয়া আনন্দ অনুভব করেন। মুনি এইরূপ চিন্তা করিয়া সেই গোপপ্রবর ভানুকে অন্য স্থানে প্রেরণ পূর্ব্বক। ৪৮। নির্জ্জনে দিব্যরূপিণী বালিকাকে বক্ষ্যমাণপ্রকারে স্তব করিতে লাগিলেন।৪৯। অয়ি দেবী মহাভাগে মহেশ্বরি মহাপ্রভে মহামোহনদিব্যাঙ্গি মহামাধুর্য্যবর্ষিণি মহারসানন্দসিঞ্চিনি কৃতমানসে! তুমি মহাভাগে আমার দর্শন পথে উপস্থিত হইয়াছ। হে দেবি! তোমার দৃষ্টি অন্তরের নিত্য সুখদায়িনী।৫০।৫১। তুমি মহানন্দপরিতৃপ্তান্তরা। তোমার প্রসন্ন-মধুর সুস্নিগ্ধ বদনসৌন্দর্য্য অন্তরের মহানন্দ প্রকাশ করিয়া দিতেছে। দেবি শোভনে! তুমিই শক্তি। রজোগুণ প্রকাশই তোমার লীলা।৫২।৫৩। তুমি ঐগুণে অধিষ্ঠিতা হইয়াই সৃষ্টি-স্থিতি সমাহার রূপিণী হও। তুমিই বিচিত্রসঙ্কামশক্তি পরা বিদ্যা। ৫৪। তুমিই পরমানন্দসন্দোহধারিণী বৈষ্ণবী শক্তি তোমার বিভব অতীব আশ্চর্য্য। ব্রহ্মরুদ্রাদি দেবগণও তোমার

মহিমা অবগত নহেন। ৫৫। যোগীন্দ্রগণ সর্ব্বকাল ধ্যানেও তোমার দর্শন প্রাপ্ত হয়েন না। তুমিই জ্ঞান ইচ্ছা ও ক্রিয়া শক্তি রূপিণী। ৫৬। ঐ সকল শক্তি তোমারই অংশভূত। বালরূপী পরমেশ্বর বিষ্ণুর নিত্য বিভূতি সকল তোমারই অংশাংশ। ঈশ্বরি! তুমি নিশ্চয়ই আনন্দরূপিণী শক্তি। ৫৭। ৫৮। ভগবান্ শ্রীকৃষ্ণ নিশ্চয়ই বৃন্দাবনে তোমার সহিত লীলা করিবেন। তুমি এই কৌমার রূপেই বিশ্ব-বিমোহিনী। ৫৯। এই তরুণ বয়সেই তোমার কি অব্যয় রূপলাবণ্য। ৬০। ভগবতি মহেশ্বরি! এই আশ্রিত প্রণত জনের সম্বন্ধে নিজের স্বরূপ প্রকাশিত কর। ৬১। মুনিশ্রেষ্ঠ নারদ এই পর্য্যন্ত বলিয়া ভক্তিরসাপ্লুত চিত্তে মহানন্দময়ী মহামহেশ্বরী শুভদর্শনা ভগবতীকে নমস্কার পূর্ব্বক পরমেশ্বরীর অত্যদ্ভুত রূপলাবণ্য দর্শন করিতে করিতে বক্ষ্যমাণ প্রকারে ভগবানের স্তব করিতে লাগিলেন। ৬২। ৬৩। হে মনোহারিন্ কৃষ্ণ তোমার জয় হউক। হে বৃন্দাবনপ্রিয়! তুমি জয়যুক্ত হও। হে কেলিকলাভিজ্ঞ! তোমার জয়, হে আনন্দ বিহ্বল! তোমার জয়, হে নীলনীরদাভাস! তোমার জয়, হে পীতবরাম্বর! তোমার জয়, ।৬৪। হে মন্দারমালাধর তোমার জয়, হে মন্দস্মিতানন! তোমার জয়, হে ললিত ভ্রূভঙ্গ-শালিন্ তোমার জয়, হে বেণুবাদন-কার্য্যলোক মনোহারিন্! তোমার জয়। ৬৫। হে ময়ূরপিচ্ছকৃতশিরোভূষণ গোপী-মানস-বিমোহন! তোমার জয়, হে কুঙ্কুমবিলিপ্তাঙ্গ রত্ন-বিভূষণ! তোমার জয়। ৬৬। আমি কখন তোমার প্রসাদে মনোহর শরীরশোভাসম্পন্ন দিব্যরূপিণী এই কামিনীর সহিত তোমার জগজ্জনমনোমোহন কৈশোর বিহার বিলোকন

করিব। এইরূপ কীর্ত্তন করিতে করিতেই সেই বালা তৎক্ষণাৎ ললিত হইতেও ললিত চতুর্দ্দশবর্ষীয়া যুবতীর ন্যায় অপূর্ব্ব দিব্য কান্তি ধারণ করিলেন। ৬৭। ৬৮। ৬৯। তৎকালেই সমানবয়োরূপগুণসম্পন্না ব্রজবালিকা সকল দিব্য ভূষণ-বসন-মালা সমাবৃত হইয়া আগমন পূর্ব্বক তাঁহার চতুর্দ্দিকে বেষ্টন করিয়া দণ্ডায়মান হইল।৭০। মুনীন্দ্রও তদ্দর্শনে অতীব বিস্ময়াপন্ন ও নিশ্চেষ্ট লইলেন। একবালিকা করুণাবশে বয়স্থা ভগবতীর চরণাম্বুকণা দ্বারা মুনিকে অভিষিক্ত করতঃ সম্বোধন পূর্ব্বক বলিতে লাগিলেন, হে সর্ব্বযোগেশ্বরেশ্বর মহাভাগ মুনিপ্রবর! তুমি নিশ্চয়ই ভক্তের কামনা পূর্ণকারী ভগবান্ হরিকে অত্যন্ত ভক্তি সহকারে আরাধনা করিয়াছ। ৭১। ৭২। ৭৩। সিদ্ধগণ মুনিগণ ও ব্রহ্মরুদ্রাদি দেবগণ এবং অপরাপর ভগবদ্ভক্তগণের দুর্দর্শনীয়া দুরারাধ্যা।৭৪। অত্যদ্ভুত বয়োরূপমোহিনী হরিবল্লভা এই ভগবতী অনির্ব্বচনীয় সৌভাগ্যক্রমে তোমার দৃষ্টিপথে উপস্থিত হইলেন। ৭৫। হে দেবর্ষে! উত্থিত হইয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক এই ভগবতীকে প্রদক্ষিণ ও পুনঃ পুনঃ প্রণাম কর।৭৬। ঐ দেখ, চারুকলেবরা অত্যন্ত ব্যাকুলার ন্যায় লক্ষিত হইতেছেন, নিশ্চয়ই মুহূর্ত্তমধ্যেই অন্তর্হিতা হইবেন। ৭৭। হে ব্রহ্মর্ষিসত্তম! ইহার সহিত আর কখনই তোমার সাক্ষাৎ বা আলাপ হইবার সম্ভাবনা নাই। ৭৮। কিন্তু বৃন্দাবনে গোবর্দ্ধন গিরি সমীপে সুষমাখ্য তরুতলে সর্ব্বকাল সুপুষ্পাঢ্যা সর্ব্বদিগ্ব্যাপিসৌরভা যে শুভা অশোকলতা বিরাজিত আছে, তাহারই মূলদেশে মধ্যরাত্রে পুনর্ব্বার আমাদিগের দর্শন প্রাপ্ত হইবে।৭৯।৮০। স্নেহবিক্লবান্তরা সেই বালাগণের

এই বাক্য শ্রবণ করিয়া দেবর্ষি নারদ তাঁহাকে প্রদক্ষিণ ও প্রণতি পূর্ব্বক দণ্ডায়মান হইলেই সেই ভগবতী পুর্ব্ববৎ বালিকারূপা হইলেন। তখন মুনি তাঁহাকে তদ্বুদ্ধিতে ভূয়োভূয়ঃ প্রণাম করিয়া৮১।৮২এবং তাঁহার পাদপদ্ম স্পর্শ করিয়া দর্শন করিতে লাগিলেন। এবং মুহূর্ত্তদ্বয় সেই নির্ম্মাণশোভনা বালাকে দর্শন পূর্ব্বক ভানুকে আহ্বান করিয়া কহিলেন, সর্ব্বশোভনা সচ্চরিত্রা তোমার এই বালিকা দেবগণেরও দুষ্প্রাপ্য। ৮৩। ৮৪। যাহার গৃহ ইহাঁর পদচিহ্ন দ্বারা বিভূষিত, তথায় দেবাদিদেব নারায়ণ সর্ব্বদেবগণের সহিত৮৫।লক্ষ্মী ও সকল সিদ্ধির সহিত অবস্থিতি করেন। অতএব হে সত্তম! এই বরারোহকে দেবীর ন্যায় যত্নপূর্ব্বক গৃহে রক্ষা কর। ৮৬। ইহা বলিয়া ভগবদ্ভক্ত মুনি তাহাকে মনেমনে প্রণাম করিয়া তাঁহার রূপ অনুধ্যান করিতে করিতে প্রস্থান করিলেন। ৮৭। অনন্তর মুনিপুঙ্গব গহন বনমধ্যে অশোকলতিকামূলে উপস্থিত হইয়া।৮৮। দেবীগণের রাত্রিকালে তথায় আগমন প্রতীক্ষা করতঃ কৃষ্ণবল্লভার চিন্তাপূর্ব্বক প্রেমবিহ্বল চিত্তে অবস্থান করিতে লাগিলেন। ৮৯। পূর্ব্বদৃষ্ট ও অন্যান্য যুবতীগণ মধ্য নিশাভাগে বিচিত্রাভরণমাল্যবিভূষিত হইয়া আগমন করিলে তাহাদিগকে দর্শন করিয়া মুনি সম্ভ্রান্তচিত্তে ভূপতিত হইয়া সাষ্টাঙ্গে প্রণাম করিলেন। ৯০। তাঁহারা মুনির নিকট দিয়াই অরণ্যে প্রবেশ করিলেন। ৯১। মুনি তৎকালে তাঁহাদিগের রূপলাবণ্যশোভায় বিমুগ্ধ হওয়াতে জিজ্ঞাস্যসত্ত্বেও নিজের অভিমত ব্যক্ত করিতে অসমর্থ হইলেন। ৯২। তাঁহাদিগের মধ্যে অশোকমালিনী অশোকবনদেবতা নাম্নী যুবতী করুণা-

ন্বিত হইয়া তথায় আগমনপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে অবস্থিত বিস্ময়সম্ভ্রমান্বিত ভক্তিভাবানতগ্রীব মুনিশ্রেষ্ঠকে সম্বোধন পূর্ব্বক কহিলেন,মহামুনে! আমি রক্তাম্বরধারিণী রক্তমাল্যানুলেপনে অনুলিপ্তা রক্তসিন্দুরশোভিতা রক্তপদ্মাবতংসিনী রক্তমাণিক্য-কেয়ূর-মুকুটাদিবিভূষিতা হইয়া নিত্য এই বনে অশোকলতিকামূলে বাস করি।৯৩। ৯৪। ৯৫। ৯৬। একদা বসন্তোৎসবে গোপকন্যাগণ বিচিত্রবসনাদিভূষিত হইয়া প্রিয় শ্রীকৃষ্ণের সহিত বিহারার্থ এই স্থানে মিলিত হইল। ৯৭। আমিও রমারূপা সেই গোপবালিকাগণের সহিত অশোকমালা দ্বারা গোপবেশধারী হরির সম্যক্ অর্চ্চনা করিলাম।৯৮ তদবধি নিত্যই ইহাদিগের মধ্যে অবস্থান করি ও পরমহংসগণের প্রিয় রমাপতিকে বিবিধভূষণ দ্বারা পূজা করি। মুনে! তাঁহার প্রসাদে আমি সকলই জানিতে পারি। আমি গোপ ও গোপিকাগণেরও রহস্য অবগত আছি।৯৯। ১০০। তোমার জিজ্ঞাসিত বিষয়ও আমার অন্তরে প্রতিভাত হইতেছে। হে ব্রহ্মন্! তুমি সেই অদ্ভুতাকারা অদ্ভুতানন্দদায়িনী স্বর্ণবর্ণা হারাদিভূষণভূষিতা লোললোচনা হরির প্রিয়া দেবীকে কিরূপে দর্শন করিবে এবং কি প্রকারেই বা তাঁহার পাদপদ্ম আরাধনা করিবে, ভক্তি সহকারে এই বিষয় চিন্তা করিতেছ। অতএব আমি তোমার নিকট মহাত্মগণের বৃত্তান্ত বর্ণন করিব।১০১।১০২।১০৩হে মুনে! আমি তোমাকে মানস সরোবরে স্নান করিয়া তীব্রতপস্যায় সিদ্ধমন্ত্র জপকারী ঈশ্বর হরির ধ্যানপরায়ণ এবং তাঁহারই চরণাম্বুজলাভাভিলাষী মহাতেজঃসম্পন্ন একসপ্ততিসহস্র সংখ্যক মুনিগণের পার্ব্বতীর সমীপে মহাদেববর্ণিত পরম রহস্য বিষয় বলিব। ১০৪।১০৫।

চতুর্থ অধ্যায়

ঈশ্বর কহিলেন, দেবি ! বরাননে ! তুমি যে গোপকন্যা গণের রহস্য জিজ্ঞাসা করিয়াছ, তাহা বলিতেছি অবহিত হইয়া শ্রবণ কর। উগ্রতপা নামেএক দৃঢ়ব্রত মুনি ছিলেন।১। সাগ্নিক সেই ঋষি অগ্নিমধ্যে অদ্ভুত তপস্যা আচরণ করিলেন। এবং পরম জপ্য পঞ্চদশাক্ষরমন্ত্র জপ করিতে লাগিলেন।২। ক্লীংকামদেব কৃষ্ণায় স্বাহা ক্লীং,এই, অত্যন্ত সিদ্ধিদায়ক মন্ত্র জপ ও শ্যামলকান্তি রাসোৎসবোন্মত্ত রসাস্বাদনোৎসুক পীতবাসধর বেণুবাদনপরায়ণ নবযৌবনসম্পন্ন এবং করদ্বারা প্রিয়ার আকর্ষণকারী ভগবান শ্রীকৃষ্ণের ধ্যান করিতে লাগিলেন। এইরূপ ধ্যানপর সেই মুনি কল্পশতান্তে দেহত্যাগ পূর্ব্বক ৩।৪।৫ সুনন্দ নামক গোপের কন্যা হইয়া জন্মগ্রহণ করিলেন। যিনি করে বীণাধারিণী এবং সুনন্দা নামে বিখ্যাত ছিলেন।৬। সত্যতপা নামে অপর এক মহাব্রত মুনি শুষ্কপত্রাহারী হইয়া তপস্যা করিয়াছিলেন। সেই মুনি অত্যন্ত কামবীজ পুটিত দশাক্ষর মহামন্ত্র জপ ও চিত্রবেশধর রমাদেবীর কঙ্কণোজ্জ্বল বাহুলতাধারী নৃত্যকারী রসোন্মত্ত ও প্রিয়াশ্লেষণতৎপর তরঙ্গগম্ভীরস্বরে উচ্চহাস্যকারী বেণুবাদনপর বৈজয়ন্তীবিভূষিত স্বেদজলকণসিক্ত বলিতললাটানন হরিকে ধ্যান করিতে করিতে তপস্যাতেই তনুত্যাগ

করিলেন।৭। ৮।৯।১০। ১১। তিনি দশকল্পান্তরে নন্দব্রজে সুভদ্রনামক গোপের কন্যা ভদ্রা নামে জন্মগ্রহণ করেন। যাঁহার পাণিতলে ব্যজন পরিদৃষ্ট হয়। ১২। হবির্ধাম নামে অপর এক মুনি ছিলেন। তিনি ভোজন ত্যাগপূর্ব্বকভগবানের উদ্দেশে তপস্যা করিতে লাগিলেন।১৩। তিনি আশুসিদ্ধি-কর শ্রীং হ্রীং হোং হংস ও ইত্যাদি বিংশত্যক্ষর মন্ত্র জপ ও রম্যবৃন্দাবন মধ্যে মাধবীমণ্ডপে চারুপল্লবাস্তরণোপরি উত্তানশায়ী এবং সময়ে সময়ে কামার্থে পীবরস্তনী প্রিয়া কর্ত্তৃক সংচুম্ব্যমান প্রিয়ালিঙ্গনপরায়ণ স্মেরবদন হরির ধ্যান করিতে করিতে বহুসংখ্যক দেহ ত্যাগ পূর্ব্বক কল্পত্রয়ের পর শারঙ্গ নামক গোপের কন্যা হইয়া জন্মগ্রহণ করেন। তিনি অতীবশুভলক্ষণা চিত্রকর্ম্মনিপুণা ও বৃন্দাবলী-নামে বিখ্যাতা হয়েন। যাঁহার দন্তে বিচিত্র রক্তবর্ণ বিন্দু দৃষ্ট হয়। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। জাবালি নামে অপর এক ব্রহ্মবাদী ঋষি ছিলেন। তিনি তপস্যা হইতে বিরত হইয়া এই পৃথিবী ভ্রমণ করিতে করিতে এক অতিবিস্তৃত মহারণ্যে যদৃচ্ছাক্রমে উপস্থিত হইয়া তথায় এক অতি সুশোভনা বাপী দেখিতে পাইলেন।২০। ২১। ঐ বাপীর চতুর্দ্দিক স্ফটিক দ্বারা গ্রথিত,জল অতি সুস্বাদু এবং উহা প্রফুল্লকমল-পরিমলবাহী বায়ু দ্বারা পরিশীলিতা। ২২। তাহার পশ্চিম তটে এক অতি বৃহৎ বটবৃক্ষ বিরাজিত। তিনি তথায় দুশ্চর তপশ্চারিণী তরুণবয়স্কা অতি মনোহর রূপবতী চন্দ্রাংশু-সদৃশাভাসা সর্ব্বাবয়বশোভনা কোন এক তাপসীকে কটিতটে বাম হস্ত স্থাপন এবং দক্ষিণ হস্তে জ্ঞান মুদ্রা ধারণ করিয়া অনিমিষায়ত লোচনে আহারাদি পরিত্যাগ-পূর্ব্বক সুনিশ্চল

ভাবে তপস্যা করিতে দেখিলেন। তদ্দর্শনে কোন বিষয় জিজ্ঞাসু হইয়া সেই স্থানে শতবর্ষ অবস্থান করিলেন। ২৩। ২৪। ২৫। ২৬ পরে অবসরক্রমে জিজ্ঞাসা করিলেন, অয়ি পূর্ণবিনয়ে আশ্চর্য্যরূপে! তুমি কে এবং কি নিমত্তই বা এই প্রকার তপস্যাচরণ করিতেছ? যদি ইচ্ছা হয়, তবে আমাকে ঐ বিষয় বল। তখন তীব্রতপশ্চারিণী বালা বলিতে লাগিলেন, আমি যোগিবিমৃগ্যা অতুলা ব্রহ্মবিদ্যা। হরিপদকামনায় এই দুষ্কর তপ করিতেছি। ২৭। ২৮। ২৯। আমি এই ভয়ঙ্কর মহারণ্যে পুরুষোত্তমের ধ্যানপরায়ণ হইয়া অবস্থান করিতেছি। আমি ব্রহ্মানন্দপূর্ণ হইয়াও কৃষ্ণ রতির আশাতে আপনাকে শূন্য বিবেচনা করিতেছি। ইদানী মমতাশূন্য হইয়া এই পুণ্য বাপিকাতেই এই দেহ বিসর্জ্জন করিব। তাঁহার এই কথা শ্রবণ পূর্ব্বক সেই মুনি অত্যন্ত চিন্তিত হইয়া। ৩০।৩১। ৩২। নির্ভেদ আত্মজ্ঞান পরিত্যাগ পূর্ব্বক কৃষ্ণার্পিতচিত্তে পরম প্রীতির সহিত তাঁহার চরণতলে পতিত হইয়া নিজের উপায় জিজ্ঞাসা করিলেন।৩৩। তখন সেই তপস্বিনী তাঁহাকে একটি মন্ত্র বলিয়া দিলেন। তিনি সেই মন্ত্র স্মরণ পূর্ব্বক মানস সরোবরে উপস্থিত হইয়া লোকবিস্ময়কর দুশ্চর তপ আরম্ভ করিলেন। ৩৪। এক পদে দণ্ডায়মান হইয়া নির্নিমেষ দৃষ্টিতে সূর্য্যদেবকে দর্শন করতঃ পঞ্চবিংশতিবর্ণক পরম মন্ত্র জপ করিতে করিতে ভাবগদ্গদ অন্তরে আনন্দরূপী কৃষ্ণের বক্ষ্যমাণ প্রকারে ধ্যান করিতে লাগিলেন। ৩৫। বিচিত্র লীলাগতিতে বেদ মার্গে ভ্রমণকারী ললিত পাদবিন্যাস দ্বারা নূপুরধ্বনিকারী, মনোহর কন্দর্প চেষ্টা দ্বারা সস্মিত অপাঙ্গদৃষ্টিদ্বারা এবং পঞ্চম স্বরে মোহন

রবকারী বিম্বৌষ্ঠপুট চুম্বনকারী মনোজ্ঞ কলালাপী বংশী দ্বারা ব্রজবনিতাগণের শরীর ও মানস হরণকারী গোপ-বনিতাবৃন্দালিঙ্গনতৎপর দিব্যমাল্যাম্বরধর দিব্যগন্ধানু-লিপ্তাঙ্গ শ্যামলাঙ্গশোভা দ্বারা ত্রিজগন্মুগ্ধকারী জগৎপতি এবম্ভূত হরিকে বহুদেহে উপাসনা করিতে করিতে নবকল্পা-ন্তরে দিব্যরূপে গোকুলে জন্মগ্রহণ করেন। ৩৬। ৩৭। ৩৮ ৩৯। ৪০। অতি যশস্বী প্রচণ্ড নামক গোপের সুকুমারী শুভাননা কন্যা হইয়া চিত্রগন্ধা নামে বিখ্যাতা হয়েন। ৪১। তিনি নিজাঙ্গসম্ভব গন্ধ দ্বারা দশদিক্ মুগ্ধ করেন। ঐ দেখ, সেই কল্যাণী মধুপানে মত্ত হইয়া অতীব আনন্দে সকলের অঙ্গে পতিত হইতেছেন। ইহার শরীর-সৌরভে আকৃষ্ট হইয়া হরি সকল গোপবালাকে পরিত্যাগ পূর্ব্বক ইহাঁরই আলিঙ্গনে উন্মত্ত হয়েন। ৪২। ৪৩। অপর মুনি সকল সংযত চিত্তে বায়ুভক্ষণ পূর্ব্বক স্মরাদি পঞ্চদশাক্ষর পরম মন্ত্র জপ করিতে করিতে শতবর্ষব্যাপী তপস্যা আচরণ করেন।৪৪।৪৫ সেই সকল মুনিগণ দিব্যবিভূষণধারী দিব্যচিত্রবসনপরিহিত শিখিপিচ্ছমৌলি সব্যজঙ্ঘাস্তে দক্ষিণ পদ স্থাপনপূর্ব্বক দণ্ডা-য়মান চারুহস্ত দ্বয়ে পঙ্কজধারী কক্ষদেশসংলগ্নচঞ্চলবেণুবি-শিষ্ট গোপীগণের নয়নমনোহারী পরমাশ্চর্য্যরূপে রঙ্গ মণ্ডপ প্রবিষ্ট গোপীগণ কর্ত্তৃক পুষ্পবর্ষণ দ্বারা পূজ্যমান শ্রীকৃ-ষ্ণের ধ্যান করিতে করিতে কল্পান্তে দেহত্যাগ পূর্ব্বক এই বৃন্দাবনে জন্ম গ্রহণ করিয়াছেন। ৪৬। ৪৭। ৪৮। ৪৯।৫০। ঐ দেখ, যাহাদের কর্ণে রত্ননির্ম্মিত তাড়ঙ্ক কণ্ঠে রত্নমালা ও বেণীতে রত্নপুষ্প শোভা পাইতেছে।৫১। কুশধ্বজ ব্রহ্মর্ষির তনয় শুচিশ্রবা ও পুরণ্ড নামে অপর বেদ পারগ মুনিদ্বয়।৫২।

ওং হংস এই অক্ষর মন্ত্র জপ করিয়া ঊর্দ্ধপদে দুশ্চর তপ আচরণ করেন। এবং গোকুলস্থ দশমাসিক বালকরূপ কন্দর্পতুল্য রূপবান্ সুললিতকলেবর রিঙ্গমান হরির ধ্যান পূর্ব্বক কল্পান্তে জগৎপতি হরিকে প্রাপ্ত হয়েন॥ ৫৩।৫৪। ৫৫। তাঁহারা উভয়েই অবশেষে সুবীর নামক গোপের পরম ধার্ম্মিক পুত্র হইয়া জন্মগ্রহণ করেন। তাঁহাদিগের হস্তে শুভ-বাদিনী সারিকা দৃষ্ট হইতেছে। ৫৬। জটিল যজ্ঞপূত ধৃতাশী ও ককু নামক ইহামুত্রবিষয়ভোগনিস্পৃহ মুনিচতুষ্টয় একান্ত-ভাবে হরির অর্চ্চনা করিয়া বল্লবীপতিকে প্রাপ্ত হয়েন। তাঁহারা জলমধ্যে রমাত্রয়পুটিত উত্তম দশাক্ষর মন্ত্র জপ করিয়াছিলেন, এবং বল্লবীগণের সহিত বনে বনে ভ্রমণকারী নৃত্যগীতাদি দ্বারা কন্দর্পরাগবর্দ্ধক চন্দনালিপ্তসর্ব্বাঙ্গ জবা-পুষ্পারুতাবতংস শিখণ্ডবদ্ধমুকুট নীলপীত পটাবৃত ভগবান্ শ্রীকৃষ্ণের ধ্যান করিয়াছিলেন। এই সাধন বলে তাহারা শুভলক্ষণা গোপকন্যা হইয়া গোকুলে জন্মগ্রহণ করেন। ৫৭। ৫৮। ৫৯। ৬০।৬১। এই তাঁহারা রমণীয় ভাবে বিনত দৃষ্টিতে তোমার পুরোভাগে দিব্যমৌক্তিকশোভিত মরকত বলয়ভূষণ করে ধারণ পূর্ব্বক অবস্থান করিতেছে। ৬২। কল্পান্তরে দীর্ঘতপা নামে এক মুনি ব্যাসরূপে জন্মগ্রহণ করেন। ৬৩। তাঁহার পুত্র মুনিগণ কর্ত্তৃক প্রদত্ত শুক এই আখ্যা লাভ করেন। ৬৪। যিনি জাতমাত্র আশ্রমে বালক-গণ কর্ত্তৃক পাঠ্যমান হইয়া শ্রুতমাত্র বেদবর্ণ সকল অভ্যাস করেন এবং শুকের ন্যায় পাঠ করেন বলিয়া শুক নামে আখ্যাত হয়েন। ৬৫। সেই মহাপ্রাজ্ঞ বালক কৃষ্ণপদ অনু-স্মরণ পূর্ব্বক বাল্যাবস্থাতেই পিতা মাতাকে পরিত্যাগ

পূর্ব্বক বনে গমন করেন। ৬৬। তিনি তথায় অহর্নিশ দিব্য মানস উপচারে অনাহারে গোপরূপী ঈশ্বরের অর্চ্চনা করেন ।৬৭। তিনি রমাপুটিত অষ্টাদশাক্ষর মন্ত্র জপ ও পরমভাব-সহকারে হেমকদম্বতরুমূলে হেমমণ্ডপিকাতে হেমসিংহাসনারূঢ় বামহস্ত দ্বারা হেমপুষ্পধারী, দক্ষিণ করে হেম পঙ্কজ ভ্রামণকারী, হেমবর্ণা প্রিয়া কর্ত্তৃক পরিক্লপ্তাঙ্গচিত্র, আনন্দপূর্ণ, নিজাশ্রমদর্শী, মুখ্যতমা সমানবয়োগুণশালিনী শুভা তপ্তকাঞ্চনদেহলাবণ্যা একব্রতা একনিষ্ঠা এক-ভাবা নিদ্রায়মানাক্ষী ও সৌম্যায়তেক্ষণা গোপকন্যাদ্বয়ে সব্যদক্ষিণভাগে অর্চ্চিত হরির অর্চ্চনা করেন। অনন্তর কল্পান্তে তনু পরিহার পূর্ব্বক গোকুলে মহাত্মা উপানন্দের নীলোৎপলদলচ্ছবি কন্যা হইয়া জন্মগ্রহণ করেন। এই জন্মে তিনি ভগবান্ শ্রীকৃষ্ণের বনিতা ও পীতশাটীবসনা রক্তচেলি-কাবৃতা শাতকুম্ভঘনস্তনী রক্তসিন্দূরগাত্রাবরণধারিণী স্বর্ণ-কুণ্ডলনির্ভাতগণ্ডদেশা সুশোভনা স্বর্ণপঙ্কজমালাঢ্যা কুঙ্কু-মালিপ্তস্তনী হইয়া অবস্থিতি করিতেছেন। ৬৮। ৬৯।৭০। ৭১। ৭২। ৭৩। ৭৪। ৭৫। ৭৬। যাঁহার হস্তে হরিকর্ত্তৃক দত্ত চর্ব্বণীয় দৃষ্ট হইতেছে। ইনি বেণুবাদনে অতীব নিপুণা এবং কেশবের অতীব আনন্দদায়িনী।৭৭। হরি একদা ইহাঁর সঙ্গীতে অত্যন্ত প্রসন্ন হইয়া ইহাঁর গলদেশে ঐ সুন্দর গুঞ্জাবলি অর্পণ করিয়াছেন ।৭৮। শ্বেতকেতুনামক মুনির বেদবেদাঙ্গপারগ পুত্র সর্ব্ববিষয় পরিত্যাগ পূর্ব্বক মনোহর কৃষ্ণে চিত্তসমর্পণ করেন। ৭৯। এবং একাদশাক্ষর পরম মন্ত্র জপ করিয়া সদাকাল হরির চিন্তায় নিমগ্ন হয়েন। ৮০। ৮১। তিনি কল্পদ্বয়ান্তে সিদ্ধ হইয়া এই বৃন্দাবনে জন্মলাভ

করেন। ইনি কৃশাঙ্গী কুটিলস্তনী বলিনামক গোপের দুহিতা। ৮২। ইহার গলদেশে মুক্তাহার, বসন সূক্ষ্ম ও কৌশেয় নির্ম্মিত, ইহার কটিতটে মুক্তাময় চন্দ্রহার, শরীরে নানাবিধ কঙ্কণাদি আভরণ, শ্রবণযুগলে দিব্য কুণ্ডলদ্বয়, ললাটে কস্তুরীচন্দনাদিকৃতা চিত্রাবলী। এবং ইনি সর্ব্বদাই হরি-চরণ-ধ্যাননিরতা। ৮৩। ৮৪। ৮৫। চন্দ্রপ্রভনামে এক প্রিয়দর্শন রাজা ছিলেন। কৃষ্ণের প্রসাদে তাঁহার এক মধু-রাকৃতি পুত্র হয়। ৮৬। তাঁহার নাম চিত্রধ্বজ! তিনি শৈশবাবধি পরম বৈষ্ণব ছিলেন। রাজা চন্দ্রপ্রভ নিজের সৌম্য সুস্থির পুত্রকে কোন ব্রাহ্মণদ্বারা দ্বাদশবৎসর বয়সেই অষ্টাদশাক্ষর পরম মন্ত্র উপদেশ করাইলেন। এবং সেই শিশুকে মন্ত্রামৃতময় সলিল দ্বারা অভিষেক করাইলেন।৮৭। ৮৮। এই কার্য্য-সম্পাদন-কালেই ভূপতি শ্রীকৃষ্ণপ্রেমে কম্পিতকলেবর ও গলদশ্রুধার হইলেন। বালকও সেই দিনেই হরিভক্তস্পর্শে অমলাশয় ও পবিত্রশুভ্রবসনধারী হারনূপুরাদিনানাভূষণবিভূষিতাঙ্গ হইয়া বিষ্ণুমন্দিরে গমন পূর্ব্বক একাকী চিন্তা করিতে লাগিলেন যে, আমি কি প্রকারে গোপিকামোহন শ্রীকৃষ্ণের ভজন করিব। ৮৯। ৯০। ৯১। আমি কিরূপে বৃন্দাবনে যমুনাপুলিনে গোপী-গণের সহিত বিহারপরায়ণ হরির সেবা করিব! প্রতিদিন এইরূপ চিন্তা করিতে করিতে বালক অতীব আকুলমতি হইলেন। ৯২। অনন্তর একদা স্বপ্নে ঐ আয়তনমধ্যে পরমা বিদ্যা প্রাপ্ত হইলেন। এবং তথায় স্বর্ণপীঠে শিলাময়ী সর্ব্বলক্ষণলক্ষিতা ইন্দীবরশ্যামলা স্নিগ্ধলাবণ্যশালিনী ত্রিভঙ্গললিতাকারা শিখণ্ডাপীড়ভূষণা অধরার্পিতবেণুবাদন-

পরায়ণা বামদক্ষিণে সুন্দরীদ্বয়ে নিষেবিতা চুম্বনাশ্লেষণাদি দ্বারা তাহাদিগের কামবর্দ্ধয়িত্রী এক কৃষ্ণপ্রতিমূর্ত্তি দর্শন করিলেন ।৯৩।৯৪।৯৫।৯৬। চিত্রধ্বজ এবম্ভূত বিলাস পর কৃষ্ণকে দর্শন করিয়া লজ্জায় অবনত বদনে প্রণাম করিলেন।৯৭। তখন হরি দক্ষিণপার্শ্বস্থা প্রেয়সীকে কহিলেন, "এই পুরুষের নিজ শরীর দ্বারা ইহাকে তত্তুল্য দিব্য যুবতী রূপে নির্ম্মাণ কর। মৃগলোচনে! তুমি ইহার শরীরকে আত্ম-শরীর হইতে অভিন্নভাবে চিন্তা কর। তাহা হইলে এ ব্যক্তি তোমার অঙ্গতেজস্পৃষ্ট হইয়া তোমার রূপ প্রাপ্ত হইবে।" তখন সেই কৃষ্ণপ্রিয়া চিত্রধ্বজের সমীপস্থা হইয়া নিজাঙ্গ সহ তদঙ্গের অভেদ চিন্তা করিতে করিতে নিজাঙ্গ তেজ দ্বারা তদঙ্গ পরিব্যাপ্ত করিলেন।৯৮।৯৯।১০০। ১০১। বিপ্রর্ষে! তাঁহার স্তনদ্বয়ের তেজে উহার চারুপীন, পয়োধরদ্বয়, নিতম্ব হইতে মনোহর শ্রোণিবিম্ব, কুণ্ডলতেজ হইতে সুমহোজ্জ্বল কেশপাশ উৎপন্ন হইল। তাঁহার সমস্ত গুণগ্রাম তাহাতে অনুসৃত হইল। তখন হরিবল্লভা নৃপাত্মজকে দীপ হইতে দীপান্তরের ন্যায় নারীদেহ প্রাপ্ত হইতে দেখিয়া আনন্দে তপোভঙ্গে স্মিতশোভামনোহর অন্তরে নারীরূপধর চিত্রধ্বজকে প্রীতি পূর্ব্বক করে ধারণ করতঃ হরির নিকটে অর্পণ করিলেন। হরিও করুণা করিয়া নিজ পার্শ্বস্থ প্রেয়সীকে কহিলেন, "প্রিয়ে! ইহাকে যথাভিলষিত সেবায় নিযুক্ত কর।" ১০২।১০৩।১০৪।১০৫।১০৬। অনন্তর তিনি চিত্রকলা এই নামে প্রথিতা হইলেন। ঐ হরিপ্রিয়া একটী বীণা প্রদান করতঃ তাঁহাকে কহিলেন, "তুমি অদ্যাবধি আমার প্রাণনাথ হরির নামগানে নিযুক্ত হইয়া মধুরস্বরে

গান করিতে থাক। ১০৭। ১০৮। অনন্তর চিত্রকলা বীণা গ্রহণ পূর্ব্বক মাধবকে প্রণাম করিয়া তাঁহার ঐ পরম প্রেয়সী দ্বয়ের পাদরজ স্পর্শ করিলেন। ১০৯। এবং তাঁহাদিগের প্রীতিকর সুমধুর গান করিলেন। আনন্দমূর্ত্তি ভগবান ও প্রসন্ন হইয়া তাঁহাকে গাঢ়তরভাবে আলিঙ্গন করিলেন। ১১০। চিত্রধ্বজ তাহাতে বীতভয় প্রবুদ্ধ ও সুখসুধাম্বুধিনিমগ্ন ও মহাপ্রেমবিহ্বল হইলেন। ১১১। তদবধি তিনি রোদনপর ত্যক্তাহারবিহার এবং পিত্রাদি কর্ত্তৃক আভাষিত হইয়াও নির্ব্বাক্ ভাবে অবস্থান করিতে লাগিলেন। ১১২। এইরূপে একমাস কাল গৃহে অবস্থান করিয়া একদা নিশীথ সময়ে কৃষ্ণগৃহীতচিত্তে বনগমন পূর্ব্বক সুরদুশ্চর প্রগাঢ় তপস্যা আরম্ভ করিলেন। ১১৩। ঐ তপস্যা করিতে করিতেই মহামতি চিত্রধ্বজ কল্পান্তে দেহ পরিত্যাগপূর্ব্বক বৃন্দাবনে বারকোষ নামক গোপের কন্যা চিত্রকলা নামে জন্মগ্রহণ করেন। ১১৪। যাঁহার অংশদেশে সপ্তস্বরবিভূষিতা বীণা দৃষ্ট হইতেছে। ১১৫। তাঁহার বামভাগে দক্ষিণকরে উত্তম রত্নভৃঙ্গার ধারিণী দক্ষিণহস্তে রত্নভূষণভূষিতা যে কামনী দৃষ্ট হইতেছেন, ইনি পূর্ব্বে তাপসগণ কর্ত্তৃক অভিবন্দিত সর্ব্বধর্ম্মবিৎ কাশ্যপগোত্রসমুদ্ভব পুণ্যশ্রবা নামে মুনি ছিলেন। ১১৬।১১৭। তাঁহার পিতা পরম শৈব ছিলেন। তিনি এক সময়ে ভক্তবৎসল বিশ্বেশ্বর মহাদেবকে রুদ্রের শত নাম শ্রবণ করাইয়াছিলেন। ১১৮। তাহাতে ভগবান্ শঙ্কর পার্ব্বতীর সহিত প্রসন্ন হইয়া চতুর্দ্দশীনিশীথে প্রত্যক্ষ হইয়া তাঁহাকে এই বর প্রদান করেন যে।১১৯। তোমার এক কৃষ্ণভক্তিপরায়ণ পুত্র উৎপন্ন হইবে। তুমি তাহার অষ্টমবর্ষে উপনয়ন দিয়া তাহাকে

এই সিদ্ধমন্ত্র প্রদান করিবে।১২০। আমি তোমাকে যে এক-বিংশাক্ষর মন্ত্র প্রদান করিতেছি,তাহা বাক্‌সিদ্ধিদায়ক বিদ্যা-গোপাল নামক মন্ত্র। ১২১। এই মন্ত্র যিনি সাধন করেন, তাঁহার জিহ্বাগ্রে রসপ্রদ ভগবানের অদ্ভুত লীলাচরিতস্ফূর্ত্তি প্রাপ্ত হয়।১২২। ক্লীং হ্রীং শ্রীং ঐং ইন্দ্র দামোদরায় কৃষ্ণায় ইত্যাদি দশাক্ষর এই মন্ত্র তোমাকে অর্পণ করিলাম। এই মন্ত্রোক্ত ঋষ্যাদি ন্যাস ও ধ্যানাদিও বলিয়া দিতেছি।১২৩। পূর্ণামৃতনিধিমধ্যে জ্যোতির্ম্ময় স্থান চিন্তা করিবে। তন্মধ্যে যমুনা বেষ্টিত বৃন্দাবন বনের চিন্তা করিবে। ঐ বন সকল-ঋতুকুসুমশ্রীবিদ্রুমবল্লীসমাকীর্ণ। ঐ বনে মত্তময়ূর সকল নৃত্য করিয়া থাকে এবং কোকিল শট্‌পদাদি প্রাণিনিকর মধুর গান করিয়া থাকে। ১২৪। ১২৫। তন্মধ্যে এক মহান্ পারিজাত তরু অবস্থিত। উহা শাখাপ্রশাখাপরিব্যাপ্ত ও শতযোজন উন্নত। ১২৬। তাহারঅতিবিমলমূলে ধেনুমণ্ডল। তদভ্যন্তরে বেণুধারিণী গোপবালাগণের মণ্ডল। তদভ্যন্তরে মদবিহ্বলচিত্ত গন্ধোপায়নপাণি ব্রজসুন্দরীগণের শোভন মনোহর মণ্ডল। ঐ ব্রজবনিতাগণ সকলেই কৃতাঞ্জলিপুটা শুক্লবসনপরিধানা শুক্লাভরণভূষিতা প্রেমবিহ্বলিতান্তরা শ্রুতিকণ্যা ও কৃষ্ণগুণগানপরায়ণা।১২৭। ১২৮। ১২৯। তন্মধ্যে কদলীকাননান্তরে নানান্তরণমণ্ডিত রত্নবেদীতে রাধার বক্ষঃস্থলে শয়ান হরিকে চিন্তা করিবে। ১৩০। তাঁহার বদন ঈষৎ স্মিতযুক্ত ও মনোহর। তাঁহার বাম ভাগে বেণু বিলম্বিত। ঐ বেণুস্পর্শী বামহস্ত দ্বারা দয়িতাকে আলিঙ্গন এবং দক্ষিণ হস্ত দ্বারা প্রিয়ার চিবুক স্পর্শ করিতেছেন। তাঁহার শরীর মরকতমণির ন্যায় নীলকান্তি, চক্ষুদ্বয়

নীলোৎপলদলপ্রভ, কটিতটে পীতবসন, মস্তক ময়ূরবর্হ-শোভিত, বক্ষঃস্থলে মুক্তাময় হার। ১৩১। ১৩২। ১৩৩। গণ্ডদেশ মনোহর মকরাকৃতিকুণ্ডলদ্বারা পরিশোভিত, তুলসী-মালা পদপর্য্যন্ত বিলম্বিত; করে কঙ্কণাদিভূষণ সকল, শরীর কাঞ্চীনূপুরাদি নানাবিভূষণে বিমণ্ডিত। তিনি নবযৌবনসম-ন্বিত সুকুমারাঙ্গ এবং লক্ষ পুরস্ত্রীগণে পরিবৃত। তাঁহার পূজা দশাক্ষরমন্ত্রোক্ত অপরাপর পূজার সদৃশ। ত্রই বলিয়া গিরিজার সহিত গিরিজাপতি মহাদেব অন্তর্হিত হইলেন। ১৩৪। ১৩৫। ১৩৬। মুনিও গৃহে আগমন পূর্ব্বক যথাকালে পুত্রকে ঐ মন্ত্র উপদেশ করিলেন। পুণ্যশ্রবা তন্মত্র-গ্রহণা-বধি কেশবে ভক্তিশালী হইয়া নানাবিধ রূপলাবণ্যবৈদগ্ধ-সৌন্দর্য্যাদিবর্ণিত হরির নিয়ত অনুধ্যান করিতেন। ১৩৭। বালকও ঐ মন্ত্র প্রাপ্ত হইয়া স্বগৃহ হইতে বহির্গমন পূর্ব্বক বায়ুভক্ষণে অযুতাযুতকল্প তপস্যা করিতে লাগিলেন। তদ-নন্তর গোকুলে এক গোপেরগৃহে জন্মগ্রহণ করিয়া কৃষ্ণেঙ্গিত নিরীক্ষণা লবঙ্গা নামে বিখ্যাতা হয়েন। যাঁহার হস্তে মুখ-মার্জ্জনবস্ত্র পরিদৃষ্ট হইতেছে। এই আমি তোমাকে কতি-পয় প্রধানা কৃষ্ণবল্লভার বিষয় শ্রবণ করাইলাম।১৩৮।১৩৯।

পঞ্চম অধ্যায়।

মহাদেব কহিলেন, তুমি আমাকে যে আশ্চর্য্য বিষয় জিজ্ঞাসা করিয়াছ, ব্রহ্মাদি সকলেই যাহাতে মুগ্ধ হয়েন, আমি সেই অদ্ভুত রহস্য তোমাকে বলিতে সমর্থ নহি। ১। তথাপি মহর্ষি বেদব্যাস অম্বরীষ রাজাকে যাহা বলিয়াছিলেন তাহাই বলিব। মঙ্গলালয় বিষ্ণুভক্ত অম্বরীষ রাজা একদা বদরিকাশ্রমে গমনপূর্ব্বক সুখাসীন জিতেন্দ্রিয় সর্ব্বধর্ম্মজ্ঞমহর্ষি বেদব্যাসকে কোন বিষয় জিজ্ঞাসু হইয়া প্রণতিপুরঃসর স্তব করিতে লাগিলেন। ২। ৩। রাজা কহিলেন, হে সর্ব্বজ্ঞ পুরুষোত্তম মহাভাগ ঋষিপ্রবর বেদব্যাস! আপনি আমাকে দুষ্পার সংসার হইতে পরিত্রাণ করুন। আমি বিষয়ভোগে বিরক্ত হইয়াছি। সচ্চিদানন্দবিগ্রহ মায়াবিবর্জ্জিত শান্ত নির্ম্মল পর পরাকাশরূপ অনাকাশ অনাময় ভগবানের সাক্ষাৎকার লাভ করিয়া যাঁহারা ভবসাগর উত্তীর্ণ হয়েন, আমি সেই সকল মুনিগনের চরণে শত শত প্রণাম করি। যে স্থানে মহামহর্ষিগণের গমন, আমি কি প্রকারে তথায় শাশ্বতী গতিলাভ করিব? ।৪।৫।৬। ব্যাসদেব কহিলেন, রাজন্! তুমি অতি গুপ্ত রহস্য জিজ্ঞাসা করিয়াছ। আমি উহা নিজপুত্র শুকদেবকেও বলি নাই। কিন্তু হরিপ্রিয়! তোমাকে ঐ বিষয় বলিব। ৭। হে নৃপ! এই বিশ্ব যাঁহা হইতে উৎপন্ন, যাঁহাতে প্রতিষ্ঠিত এবং অব্যাকৃত অবস্থায় যাঁহাতেই অবস্থান করে; একান্ত ভাবে তাঁহারই অর্চ্চনা

কর। ৮। আমি পূর্ব্বে বহুবর্ষসহস্র ফল মূল পত্র জল ও বায়ু ভক্ষণপূর্ব্বক কঠোর তপস্যা করিয়াছিলাম। ৯। তাহাতে ভগবান্ হরি স্বধ্যাননিরত আমার প্রতি প্রসন্ন হইয়া আমার অন্তরে সমাগমনপূর্ব্বক কহিলেন, মহামতে! তুমি কোন্ প্রয়োজন সাধনের জন্য এই তপস্যা করিতেছ? । ১০। আমি তোমার প্রতি প্রসন্ন হইয়াছি,অভিলষিত বর প্রার্থনা কর। ইহাও বলিয়া দিতেছি,আমার দর্শনে সংসারের উপরতিহইয়া থাকে।১১। তখন আমি আনন্দে পুলকিত শরীর হইয়া বলিলাম,মধুসূদন! আমি আপনাকে চক্ষুর্দ্বারা দর্শনকরিতে অভিলাষ করি। ১২। যিনি সত্যস্বরূপ পরব্রহ্ম, যিনি জগতের কারণ ও ঈশ্বর, যিনি বেদপীঠে সমাসীন,সেই করুণাময় প্রভু আমার দৃষ্টিপথে আগমন করুন। ১৩। ভগবান্ কহিলেন, আমি পূর্ব্বে ব্রহ্মা কর্ত্তৃক পৃষ্টও প্রার্থিত হইয়া তাঁহাকে যাহা বলিয়াছিলাম, তোমাকেও তাহাই বলিতেছি। ১৪। আমাকে কেহ প্রকৃতি কেহ পুরুষ কেহ ঈশ্বর কেহ ধর্ম্ম কেহ ধন কেহ মোক্ষ কেহ বিপত্তারণ কেহ শূন্য কেহ ভাব কেহ পরমার্থ কেহ অদৃষ্ট কেহ দেব কেহ শরীর কেহ মন কেহ বুদ্ধি কেহ কাল কেহ মঙ্গলময় কেহ সদাশিব কেহ বেদবিগীত সদ্ভাব বিক্রিয়াহীন সচ্চিদানন্দবিগ্রহ সনাতন পরমেশ্বর বলিয়া থাকেন। আমারই মায়াতে মোহিত হইয়া লোকে সর্ব্বকালেই সৎপথ হইতে বঞ্চিত হয়। ১৫। ১৬। ১৭। ১৮। যিনি আমার অনুগ্রহ লাভ করেন, তিনিই আমাকে জানিতে পারেন। আমি অদ্য তোমাকে আমার বেদেরও অগম্য স্বরূপ প্রদর্শন করিব। ১৯। হে ভূপ! তদনন্তর আমি বালানুজপ্রভ গোপকন্যাবেষ্টিত ,গোপকর্ত্তৃক পরিবৃত হাস্য

কারী গোপবালকরূপী কদম্বমূলস্থিত পীতবাসা অদ্ভুতদর্শনভগবান্ হরিকে দর্শন করিলাম। এবং নবপল্লবমণ্ডিত কোকিল-ভ্রমরারাব মনোভবমনোহর বৃন্দাবন বন দর্শন করিলাম। ইন্দ্রীবরদলপ্রভা কালিন্দী নদীও দর্শন করিলাম।২০।২১।২২। এবং মহেন্দ্রদর্পনাশার্থ কৃষ্ণের বামকরোদ্ধৃত গোবর্দ্ধন পর্ব্বত দর্শন করিলাম। ঐ ব্যাপার গো ও গোপালগণের অতীব সুখাবহ হইয়াছিল। ২৩। সর্ব্বভূষণভূষিত অবলাসঙ্গমুদিত বেণুবাদনতৎপর গোপালকে দর্শন করিয়া বিতৃষ্ণ হইলাম। ২৪। তদনন্তর ভগবান্ স্বয়ং বৃন্দাবনের রহস্য সকল আমাকে বলিতে লাগিলেন, তুমি আমার এই যে দিব্য সনাতন নিষ্কল নিষ্ক্রিয় শান্ত সচ্চিদানন্দবিগ্রহ পূর্ণ পদ্মপলাশাক্ষ রূপ দর্শন করিলে, ইহা অপেক্ষা পরতর বস্তু আর নাই। ২৫। ২৬। ইহাকেই বেদ সকল সর্ব্বকারণের কারণ সত্য ব্যাপী পরমানন্দচিদ্ঘন শাশ্বত শিবজনক বলিয়া থাকে। ২৭। আমার মথুরা বৃন্দাবন বন যমুনা গোপকন্যা ও গোপবালকগণকে নিত্য, জানিবে। ২৮। আমার অবতার সকল নিত্য তদ্বিষয়ে কিছুমাত্র সংশয় করিবে না। রাধা আমার পরমা প্রিয়া এবং আমি সর্ব্বজ্ঞ ও পরাৎপর। আমাতেই মায়াবিজৃম্ভিত হইয়া এই সমস্ত বিশ্ব প্রকাশিত হয়। ২৯। তদনন্তর আমি জগৎকারণকারণ ভগবান্‌কে জিজ্ঞাসা করিলাম, এই সকল গোপীগোপসকল ও এই বৃক্ষাদির স্বরূপ কি? ৩০। এই বন এই সকল কোকিলাদি পক্ষী এই নদী ও এই গিরিই বা কে? এবং এই লোকানন্দৈকভাজন মহাভাগ বেণুই বা কে?৩১। তখন প্রসন্ন বদনাম্বুজ ভগবান্ প্রসন্ন হইয়া আমাকে বলিলেন, গোপ সকল

শ্রুতি ও গোপকন্যা সকল শ্রুতিকন্যা ও দেবকন্যা কেহই মনুষ্য নহে। গোপালগণ বৈকুণ্ঠানন্দমূর্ত্তি মুনি সকল। ৩২।৩৩। এই কদম্ব পরমানন্দভাজন কল্পবৃক্ষ। এবং এই বৃন্দাবন মহাপাতকনাশন আনন্দকল্পাখ্য বন।৩৪। ইহা মহাপাতকী জনেরও সমস্ত দুঃখহারী। এবং এই কোকিলাদি পক্ষী সকল যে সিদ্ধ সাধ্য ও গন্ধর্ব্বাদি তদ্বিষয়ে সংশয় নাই। ৩৫। যমুনা সাক্ষাৎ চিদানন্দময়ী ও যমভীতিঘ্নং। এবং এই ভূধর গোবর্দ্ধন অনাদি হরিদাস। ৩৬। হে বিপ্র! এই বেণুর বিষয় বর্ণন করিতেছি শ্রবণ কর,ইহা তোমার বিদিত আছে। দেবব্রত নামে কৃতশান্তপনাদিব্রত দ্বারা শান্তমনা কর্ম্মকাণ্ড বিষারদ দান্ত অবৈষ্ণবজনসমূহমধ্যবর্ত্তী ক্রিয়াপর এক ব্রাহ্মণ ছিলেন। ৩৭। ৩৮। তত্রত্য লোক সকল যজ্ঞেশ্বর শ্রীকৃষ্ণের অস্তিত্বেই বিশ্বাস করিতেন না। ঐ দেবব্রত এবং রাজা ইহারা উভয়েই হরিভক্তিবিমুখ ছিলেন। একদা বেদান্তকৃতনিশ্চয় ঐ দেবব্রত ভূপতির আবাসে গমন করিলেন। ৩৯। তথায় আমার কোন এক ভক্ত তুলসীদল ও ফলমূলাদি দ্বারা আমার পূজা করিয়া প্রীতি পূর্ব্বক ঐ পূজার দ্রব্য কিঞ্চিৎ ঐ দেবব্রতকে প্রদান করেন। দেবব্রত অশ্রদ্ধাপূর্ব্বক হাস্যকরিয়া তাঁহার নিকট হইতে ঐ দ্রব্য গ্রহণ করেন।৪০।৪১। সেই পাপেই দেবব্রতের অতিদারুণ বেণুত্ব প্রাপ্ত হয়। এবং আমার প্রিয় ঐ সেবকের পূর্ব্বোক্ত পুণ্যে রাজত্ব প্রাপ্তি হয়। তিনি এখনও রাজা হইয়া কেতুমালে প্রতিষ্ঠিত আছেন। পরে যুগান্তে বিষ্ণুপরায়ণ হইয়াব্রাহ্মণত্ব প্রাপ্ত হইবেন।৪২। ৪৩। দুরাশয় ব্যক্তিগণ সুরেন্দ্র-নাগেন্দ্র-মুনীন্দ্র সংস্তুতা মনোরমা সনাতনী মথুরাপুরীর তত্ত্ব অবগত

হইতে পারে না ।৪৪। এই পৃথিবীতে যদিও কাশ্যাদি অনেক পুরী আছে। তাহাদের সকলের মধ্যে মথুরাই ধন্যা। যে মথুরা জীবের জন্ম উপনয়ন ব্রত ও মৃত্যুরূপ অবস্থাচতুষ্টয় হইতে মুক্তিপ্রদান করে। ৪৫। জীব যখন বিষয়বাসনাদি পরিত্যাগে বিশুদ্ধ ও নিরন্তর ধ্যানপরায়ণ হইয়া নির্ম্মল চিত্ত হয়েন, তখনই এই উত্তমপুরীর দর্শন হয়। তদ্ভিন্ন শত-কল্পেও ইহার তত্ত্ব অবগত হওয়া যায় না ।৪৬। মথুরাবাসিগণ সকলে চতুর্ভুজ অনন্যমহিমা ধন্য : দেবতাগণেরও মান্য। ৪৭। যে লোক মথুরাবাসীর উ দোষারোপ করে, সে স্বয়ং জন্মমৃত্যুসহস্রদ দোষে দূষিত হয়। ৪৮। যেব্যক্তি সেই মথুরার ধ্যান করে সে অধন্য হইলেও ধন্য। প্রাণিগণের মোক্ষপ্রদ ভুতেশ্বর মহাদেব স্বয়ং মথুরাতেই বাস করেন। ৪৯। আমার প্রিয়তম ভুতেশ্বর মহাদেব আমার প্রতিপ্রীতি হেতু ঐ মথুরাপুরী পরিত্যাগ করেন না। ৫০। যে ব্যক্তি ঐ ভুতেশ্বরকে পূজা বা প্রণাম না করেন, অথবা হৃষ্টচিত্তে তাঁহার চরিত শ্রবণ না করেন, যিনি পরদেবতাখ্য স্বয়ং-প্রকাশ আমার এই পরমভক্ত শিবকে পূজা না করেন, সেই পাপপুরুষ কি প্রকারে আমাতে ভক্তিলাভ করিবে ।৫১।৫২। যে জীবগণ মায়াতে মোহিত হইয়া আমার ভক্ত ভুতেশ্বর মহাদেবের স্তব পূজা ও প্রণাম না করিয়া আমারপূজা করিতে চেষ্টা করে, তাহার সে পূজা নিষ্ফল হয়। ৫৩। পিঞ্জর নামক এক বালক ঐ মথুরাতে ভুতপতির আরাধনা করিয়া অন্যের অপ্রাপ্য নির্ম্মল পরমপদ প্রাপ্ত হইয়াছিল। অন্ধই হউক খঞ্জই হউক যে ব্যক্তি জ্ঞানিগণেরও সুদুর্লভা মথুরাপুরীতে প্রাণত্যাগ করে,তাহার সদ্গতি হয়। হে বেদ-

ব্যাস! তুমি আমার অংশ, এই কারণে আমি তোমার নিকট এই সকল বেদের অগম্য গুহ্য রহস্য প্রকাশ করিলাম। ৫৪। ৫৫। ৫৬।

ষষ্ঠ অধ্যায়।

ঈশ্বর কহিলেন, একদা ভগবৎপ্রিয় উদ্ধব নির্জ্জনে পার্ষদ সনৎকুমারকে জিজ্ঞাসা করিলেন, হে ভগবন্! গোবিন্দ যে নিত্যসুখাস্পদ নিত্যধামে গোপাঙ্গণাগণের সহিত ক্রীড়া করেন, সেই স্থান কোথায় এবং কীদৃশ? ১। ২। তাঁহার ক্রীড়িত বৃত্তান্ত এবং অপরাপর অদ্ভুত বৃত্তান্ত সকল অনুগ্রহ করিয়া বলিতে আজ্ঞা হউক। ৩। সনৎকুমার কহিলেন, একদা ভ্রমণাবসানে কোন একটি বৃক্ষতলে ভগবান্ পার্ষদগণের সহিত উপবিষ্ট ছিলেন। অর্জ্জুনও পরিশ্রান্ত হইয়া তথায় উপস্থিত হইলেন। তৎকালে ঐ বিষয়ে অর্জ্জুনের সহিত ভগবানের যে কথোপকথন হইয়াছিল এবং আমি ভগবানের নিকট হইতে যাহা যাহা অদ্ভুত শ্রবণ করিয়াছি, তাহা অদ্য তোমাকে শ্রবণ করাইব। তুমি অবহিত চিত্তে শ্রবণ কর। কিন্তু এই রহস্য কুত্রাপি প্রকাশ্য নহে। ৪।৫। ৬। অর্জ্জুন কহিলেন, হে কৃপাম্ভোধে! আপনি কৃপা করিয়া আপনার অপর ভক্তের অদৃষ্ট ও অশ্রুত বিষয় সকল বিজ্ঞাপন করিয়াছেন।৭। কিন্তু প্রভো! এক্ষণে পূর্ব্বকথিত আপ-

নার প্রিয় গোপিকাগণের বিভাগ, সংখ্যা, নাম, কর্ম্ম, বয়স, ব্যবহার ও বেশাদির বিষয় বর্ণন করুন।৮।৯।এবং তাহাদিগের সহিত নিত্যসুখদায়ক-বিহারার্থ কোন্ স্থানে কোন্ বনে কিরূপ আচরণ করেন,তাহাও বলুন।১০। এবং সেই নিত্য স্থানই বা কীদৃশ, কৃপা করিয়া তাহাও বলুন। হে আর্ত্তার্ত্তিহর ভগবন্! আমি আপনার নিকট এই যে সকল বিষয় জিজ্ঞাসা করিলাম,সেই সকল গুহ্য বিষয় বলিতে আজ্ঞা হউক। ১১। ১২। শ্রীকৃষ্ণ কহিলেন, আমার বিহারের স্থান বিহার এবং বল্লভাগণ এরূপ ভাবের, যাহা প্রাণসম প্রিয়জনের নিকটও প্রকাশ্য নহে। ১৩। হে বৎস! আমি ঐ বিষয় বলিলেই তোমার দর্শনে উৎকণ্ঠা হইবে। ঐ স্থান লক্ষ্ম্যাদিরও অদৃশ্য; পুরুষের ত কথাই নাই। অতএব হে বৎস! ক্ষান্ত হও, না শুনিলেই বা তোমার ক্ষতি কি? ১৪। ভগবানের এই প্রকার সুদারুণ বাক্য শ্রবণকরিয়া অর্জ্জুন দীনভাবে তাঁহার পদতলে নিপতিত হইলেন। ১৫। তখন ভক্তবৎসল ভগবান ঈষৎ হাস্য করিয়া অর্জ্জুনকে হস্ত দ্বারায় উত্তোলন পূর্ব্বক প্রীতিসহকারে কহিলেন,।১৬।যাহা বলিলেই দর্শনের ইচ্ছা হয়, তাহা বলিয়া ফল কি? তুমি সৃষ্টি স্থিতি প্রলয়-কারিণী ভগবতী ত্রিপুরসুন্দরীকে ভক্তি পূর্ব্বক আরাধনা করিয়া এই বিষয় তাঁহাকেই নিবেদন কর। ১৭। ১৮। তাহার পূজা ব্যতিরেকে আমি তোমাকেই পদ প্রদান করিতে পারি না। পার্থ ভগবানের এই বাক্যশ্রবণে পরম হর্ষান্বিত হইয়া শ্রীমতী ত্রিপুরাদেবীর পাদুকাতলে গমন করিলেন। তথায় উপস্থিত হইয়া নানাবিধ বিচিত্র রত্ন দ্বারা উপশোভিতা শুক-কোকিল-শারিকা- কপোত-লীলাচকোর

ও অন্যান্য পক্ষী দ্বারা নিনাদিতা, শ্রীচিন্তামণিবেদিকা দর্শন করিলেন। যে স্থানে গুঞ্জদ্‌ভ্রমরকোলাহলসমাকুল ভাস্বরমণি ও আলবালদ্বারা মনোহর এক টি অদ্ভুত মনোহরশ্রীরত্নমন্দির রহিয়াছে। ১৯। ২০। ২১। ২২। ২৩। তথায় এক খানি মহামূল্য অতি শোভন সিংহাসন স্থাপিত রহিয়াছে। সেই সিংহাসনে বালসূর্য্যসমপ্রভা নানালঙ্কারভূষিতা নবযৌবন-সম্পন্না শূল পাশ ধনু ও শর দ্বারা ভূষিতভূজচতুষ্টয়া সুপ্রসন্না মনোহরা ব্রহ্মবিষ্ণুমহেশাদি দেবগণের কিরীটমণিরশ্মি দ্বারা বিরাজিতপদাম্ভোজা অণিমাদ্যষ্টৈশ্বর্য্যশালিনী প্রসন্ন-বদনা বরদা ভক্তবৎসলা দেবী ত্রিপুরসুন্দরী বিরাজিতা। অর্জ্জুন তাঁহাকে দর্শন করিয়া কৃতাঞ্জলিপুটে পরমভক্তি সহ-কারে পুনঃ পুনঃ প্রণাম করিতে লাগিলেন। করুণাময়ী ভগবতী তাঁহার অভিপ্রায় জানিয়া তত্তৎস্মরণে বিহ্বলচিত্তা হইয়া, করুণাপূর্ব্বক কহিতে লাগিলেন, বৎস! তুমি পাত্র বিবেচনা করিয়া এমন কি দুর্লভ বস্তু দান করিয়াছ, অথবা কি যজ্ঞ বা কি তপস্যা করিয়াছ। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯। যাহার ফলস্বরূপ ভগবানে এই অচলা ভক্তি লাভ করিয়াছ। অথবা অপর কোন সুদুর্লভ মহৎ শুভ কর্ম্ম সম্পাদন করিয়াছ, যাহাতে ভগবান্ তোমার প্রতি অনন্য-লভ্য এই প্রসাদ প্রদর্শন করিয়াছেন। ৩০। ৩১। ভূতল-বাসী মর্ত্ত্যলোকের স্বর্গবাসী দেবতাগণের তপস্বিযোগি-গণের অথবা অপর সকল ভক্তগণের সম্বন্ধে যে প্রসাদ দৃষ্ট হয় না, বিশ্বাত্মা ভগবান্ তোমার প্রতি সেই প্রসাদ প্রকাশ করিয়াছেন। ৩২। ৩৩। বৎস! এক্ষণে সর্ব্বকাম-প্রদা এই দেবীর সহিত আমার কুলকুণ্ড সরোবরে গমন

কর। এবং তথায় বিধিবৎ স্নান করিয়া সত্বর আগমন কর। পার্থ তচ্ছ্রবণে তাঁহার সহিত তথায় গমন পূর্ব্বক স্নানানন্তর প্রত্যাবৃত্ত হইলেন। ৩৪। ৩৫। দেবী স্নান করিয়া প্রত্যাগত অর্জ্জুনকে ন্যাস মুদ্রাদি করাইয়া তাঁহার দক্ষিণকর্ণে সদ্যঃ সিদ্ধকরী পরাবিদ্যা প্রদান করিলেন। ঐ মন্ত্রের সাধন, অনুষ্ঠান, পূজা ও লক্ষসংখ্যক জপাদিও নির্দ্দেশ করিলেন। এবং করবীর কোরকদ্বারা হোমের প্রয়োগাদিও উপদেশ করিলেন। ৩৬। ৩৭। ৩৮। দেবী কৃপা করিয়া নির্জ্জনে ইহাও বলিলেন যে, এইরূপ বিধানে পূজা করিয়া আমার প্রসন্নতা লাভ করিতে পারিলেই তুমি সেই স্থানে গমন করিতে পারিবে। ভগবান্ পূর্ব্বেই এইরূপ নিয়ম করিয়াছেন। অর্জ্জুন এই কথা শ্রবণ করিয়া পূর্ব্বোক্ত প্রকারে তাঁহার পূজাদি জপ ও হোমাদি সমাধান পূর্ব্বক দেবীকে প্রসন্ন করিয়া আপনাকে কৃতকৃত্য বোধ করিলেন। এবং মনোরথ যেন সিদ্ধই হইয়াছে এইরূপ বোধ করিতে লাগিলেন। তখন সিদ্ধি তাঁহার করস্থ বোধ হইতে লাগিল। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। দেবীও তদবসরে স্মিতবদনে সমাগত হইয়া কহিলেন, বৎস! তুমি এক্ষণে ইহাঁর সহিত গোপনে গমন কর। ৪৪। তখন পার্থ সসম্ভ্রমে গাত্রোত্থান পূর্ব্বক হৃষ্টচিত্তে দেবীকে প্রণাম করিলেন। ৪৫। এইরূপ আজ্ঞপ্ত হইয়া অর্জ্জুন দেবীর বয়স্যার সহিত বেদের অগোচর রাধাপতির আবাসে গমন পূর্ব্বক গোলোকের উপরিস্থিত স্থিরবায়ুধৃত নিত্য সত্যসুখাস্পদ নিত্যমহোৎসবময় নিত্যবৃন্দাবন মধ্যে অন্যের অদৃশ্য পূর্ণ প্রেমরসাত্মক ভগবান্ পরমেশ্বরকে দর্শন করিলেন। ৪৬।

৪৭। ৪৮। অর্জ্জুন দেবী কর্ত্তৃক পরিদর্শিত এই ধাম দর্শন করিয়া প্রেমবিহ্বল ও বিবশ হইয়া তথায় পতিত হইলেন। ৪৯। পরে অতি কষ্টে লব্ধসংজ্ঞ ও দেবী কর্ত্তৃক হস্তদ্বারা উত্থাপিত ও তাঁহার সান্ত্বনা বাক্য দ্বারা কথঞ্চিৎ স্থৈর্য্য প্রাপ্ত হইয়া চঞ্চলভাবে বারংবার বলিলেন, ইহার পর আপনি আমাকে কি দর্শন করাইবেন, তাহা দর্শন করাইয়া শান্ত করুন। ৫০। ৫১। তখন দেবী তাহাকে করে ধারণ পূর্ব্বক সেই গোলোকের দক্ষিণভাগে উপস্থিত হইয়া বলিলেন, পার্থ তুমি স্নানার্থ এই প্রভূত জল সরোবরে অবগাহন কর। ইহার অভ্যন্তরে প্রবেশ করিলেই অত্যাশ্চর্য্য পদার্থ-কুল-সঙ্কুল সহস্রদলকমলের সংস্থান মধ্যকর্ণিকস্বরূপ অপূর্ব্বচতুঃ-সরোবর বিশিষ্ট ও চতুর্দ্বারসমন্বিত স্থান দর্শন করিবে।৫২। ৫৩। ৫৪। ইহার দক্ষিণে মধুমাধ্বীকজল-বিশিষ্ট মলয়-নির্ঝর নামে অপর একটি সরোবর দেখিতে পাইবে। এবং ঐ স্থলে একটি অপূর্ব্ব কুসুমোদ্যান দেখিতে পাইবে। যে স্থানে ভগবান্ গোবিন্দ বসন্তে বসন্তকুসুমোচিত মদনোৎসব করিয়া থাকেন। যে স্থানে কামদেব নিরন্তর অবস্থান করেন এবং যে স্থানের নাম স্মরণ করিলে মুনিগণের স্মরাঙ্কুরের বিনাশ হয়। তুমি এই সরোবরে স্নান করিয়া পূর্ব্বসরোবরের তটে গমন ও তাহার জলস্পর্শন পূর্ব্বক মনোরথ সাধন কর। ।৫৫। ৫৬। ৫৭। ৫৮। তখন অর্জ্জুন তাঁহার কথা শ্রবণ করিয়া সেই পদ্মাদিনানাবিধকুসুমপরাগরঞ্জিত সুবাসিত মধুপনিনাদিত কলহংসাদিজলচরপক্ষিগণের নিনাদদ্বারা আন্দোলিত রত্নাবদ্ধচতুস্তীরবিশিষ্ট মণিধরসোপানসুন্দর মন্দালিরুতরঞ্জিত সরোবরে স্বাদু সুবাসিত জলের অভ্য-

স্তরে অবগাহন করিলে,সেই দেবী অন্তর্হিতা হইলেন। তখন অর্জ্জুন উত্থিত হইয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত পূর্ব্বক আপনাকে সভ্রান্তা অসহায়িনী স্বর্গীয়শোভাবিশিষ্টা গৌরকান্ত-তনু-লতা স্ফুরৎকিশোরবর্ষীয়া শরদিন্দুনিভাননা সুনীলকুটিল-স্নিগ্ধবিলসদ্ঘনকুন্তলা সিন্দূরবিন্দুকিরণপ্রোজ্জ্বলালকপট্টিকা উন্মীলদ্ভ্রূলতাভঙ্গীজিতস্মরশরাসনা ঘনশ্যামলচঞ্চললোচন-খঞ্জনা মণিকুণ্ডলমাংশুবিস্ফূরৎপাণ্ডুকুন্তলা সুদতী চারু চিবুকা বন্ধুকমধুরাধরা কম্বুগ্রীবা নাগহারশোভিতহৃদয়া কন্দর্পন্যস্তসর্ব্বস্বসম্পূর্ণস্তনমণ্ডলা মৃণালকোমলশোভিত ভুজ-বল্লী অম্বুরুহাভ্যন্তরকোমলপাণিপল্লবা স্বর্ণরচিতকটিসূত্রা শব্দিতকাঞ্চীশোভিতজঘনস্থানা দুকূলাম্বর-শোভিত-নিতম্ব-তরুশালিনী রণিতসুন্দরমঞ্জীরসুচারুপদপঙ্কজা বিবিধকলা-কৌশলশালিনী অনাহূতস্মিতসুধাবশীকৃতজগত্রয়া সর্ব্বলক্ষণ-সম্পন্না সর্ব্বাভরণভূষিতা শ্রেষ্ঠা আশ্চর্য্যললনারূপে দর্শন করিলেন। ৫৯ । ৬০ । ৬১ । ৬২ । ৬৩ । ৬৪ । ৬৫ । ৬৬ । ৬৭ । ৬৮ । ৬৯ । ৭০ । ৭১ । ৭২ । ঐ কামিনী তৎকালে ভগবানের মায়াতে নিজের পূর্ব্ববৃত্তান্ত ও গোপিকাপ্রাণবল্লভ হরির বৃত্তান্ত বিস্মৃত হইয়াছিলেন ।৭৩। তখন তিনি কর্ত্তব্যবিমূঢ়া হইয়া ক্ষণকাল নিস্তব্ধভাবে অব-স্থান করিতে লাগিলেন। ঐ সময়ে অকস্মাৎ একটি আকাশ বাণী হইল ।৭৪।'সুভ্রু! এই পথে পূর্ব্বসরোবরে গমন কর। এবং ইহার জলস্পর্শ করিয়া নিজের মনোরথ সাধন কর'। ৭৫। অয়ি বরবর্ণিনি! তথায় তোমার সখীসকল অবস্থান করিতেছেন, তুমি দুঃখিতা হইও না। তাঁহারা তোমার অভিলাষ সম্পাদন করিবেন ।৭৬। সেই কামিনী এই আকাশ

বাণী শ্রবণ করিয়া অপূর্ব্ব অবতরণিকাবিশিষ্ট নানা পক্ষী-সমাকুল প্রফুল্লকৈরবকহ্লারকমলইন্দীবরাদি পুষ্প দ্বারা শোভিত নানাবিধ কুসুমোদ্যান কুঞ্জলতা ও তরুবিশিষ্ট সরো-বরে গমন পূর্ব্বক তাহার জলস্পর্শ করিলেন। ৭৭। ৭৮। ৭৯।

এই সময়ে নানাবিধ শব্দায়মান অলঙ্কার সকলে বিভূষিত আশ্চর্য্যযৌবন আশ্চর্য্যাকারভাষিত আশ্চর্য্যাতিবিলাসবিভ্রম আশ্চর্য্যহসিতালোকনাদি মধুরাদ্ভুতলাবণ্য সর্ব্বমাধুর্য্যসেবিত চিত্রগতি আশ্চর্য্য স্নিগ্ধসৌন্দর্য্য রমণীবৃন্দ ও অত্যাশ্চর্য্য দৃশ্য সকল দর্শন করিলেন। ৮০। ৮১। ৮২। ৮৩। এই সকল অত্যাশ্চর্য্য ব্যাপার দর্শন করিয়া সেই কামিনী কোন বিষয় মনে মনে চিন্তা করিতে লাগিলেন ও নতাননে পদা-ঙ্গুষ্ঠ দ্বারা ভূমিতল লিখন করিতে লাগিলেন। ৮৪। তখন পূর্ব্বোক্ত কামিনীবৃন্দের মধ্যে কোন কামিনী এই নবাগতা কামিনীকে দর্শন করিয়া, আমাদিগের সমান জাতীয়া এই স্ত্রী কে, ? এই বিষয়ে পরস্পর আলাপ করিতে লাগি-লেন। ৮৫। এবং কৌতুহলাক্রান্ত হইয়া পরস্পর মন্ত্রণা পূর্ব্বক তাঁহাকে জিজ্ঞাসা করিতে তাঁহার সমীপে উপস্থিত হইলেন। ৮৬। সমীপস্থ হইয়া তাঁহাদিগের মধ্যস্থিতা প্রিয়-ম্বদা নাম্নী এক মনস্বিনী কামিনী প্রীতি সহকারে মধুর বাক্যে জিজ্ঞাসা করিলেন, তুমি কে ? কাহার কন্যা, কাহারই বা প্রাণবল্লভা ? তোমার জন্মস্থান কোথায় ? এস্থানে কে তোমাকে আনয়ন করিয়াছে? অথবা নিজেই আসিয়াছ ?৮৭। ৮৮ তোমার কোন চিন্তা নাই, এস্থান দুঃখের স্থান নহে। আমরা যাহা জিজ্ঞাসা করিলাম, তাহা বল।৮৯। তখন সেই স্ত্রীরূপধারী অর্জ্জুন এইরূপে পৃষ্ট হইয়া বিনয় পূর্ব্বক কণ্ঠ-

স্বরে তাঁহাদিগের মনোমোহন করিয়া বক্ষ্যমাণ বলিতে লাগিলেন। ৯০।

অর্জ্জুনীয়া কহিলেন, আমি কে, কোন্ কুলে জন্মিয়াছি এবং কাহারই বা বল্লভা, কেই বা আমাকে এই স্থানে আনয়ন করিয়াছে,অথবা আপনি আসিয়াছি, আমি এ সকল বৃত্তান্ত কিছুই অবগত নহি। দেবীই এই বিষয় সবিশেষ অবগত আছেন। তাঁহাকেই জিজ্ঞাসা করুন এবং তদ্বাক্যে যদি প্রত্যয় থাকে,তবে তাঁহারই নিকট হইতে শ্রবণ করুন। ইহারই দক্ষিণপার্শ্বে এক সরোবর আছে; আমি সেই স্থানে স্নানার্থ আসিয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিতেছিলাম, এমত সময়ে এই আকাশবাণী শ্রবণ করিলাম। ৯১। ৯২। ৯৩।৯৪। এই পথে পূর্ব্ব সরোবরে গমন কর এবং তাহার জলস্পর্শে নিজের মনোরথ সাধন কর, সেই স্থানে তোমার সখী সকল অবস্থান করিতেছেন, বিষণ্ণ হইও না,তাঁহারাই তোমার মনোরথ সাধন করিবেন'।৯৫। ৯৬। আমি এই আকাশবাণী শ্রবণ করিয়াই বিষাদ ও হর্ষে পরিপূর্ণ এবং চিন্তারসাকুলা হইয়া এই স্থানে আগমন করিয়াছি। ৯৭। ত্রই স্থানে আগমন পূর্ব্বক এই সরোবরের জলস্পর্শ করিয়া প্রথমতঃ নানাবিধ শুভধ্বনি শ্রবণ, পরে আপনাদিগকে দর্শন করিলাম। ৯৮। দেবীগণ! আমি এই পর্য্যন্তই অবগত আছি, অপর কিছুই জানি না। প্রিয়ম্বদা কহিলেন,সুভ্রু! তুমি যাহা কিছুকহিলে, সে সকলই সত্য, তাহার সন্দেহ নাই। এবং দৈববাণী অনুসারে তুমি আমাদিগের সখীও হইলে। ৯৯। ১০০।

তখন সেই কামিনী তাহাদিগের কর্ত্তৃক অনুগৃহীতা ও মন্ত্রবিধ্বস্তবিস্ময়া হইয়া, তাঁহাদিগের পদতলে পতিত

হইয়া বিনয়পূর্ব্বক কহিলেন, আপনারা যদি প্রসন্ন হইয়া আমার প্রতি প্রসাদ প্রকাশ করিলেন, তবে এক্ষণে আমি কিঞ্চিৎ প্রশ্ন করিতে ইচ্ছা করি, আপনারা আমার অপরাধ ক্ষমা করিবেন। ১০১। ১০২।

অর্জ্জুনীয়া কহিলেন, আপনারা কে, জন্মস্থান কোথায়, কাহার কন্যা এবং কাহার বল্লভা ও নামই বা কি, তাহা বিশেষ করিয়া বলুন। ১০৩।

প্রিয়ম্বদা কহিলেন, শুভে !গোকুলনাথের রাধিকা নাম্নী যে প্রাণবল্লভা আছেন, আমরা তাঁহারই সখী। ১০৪। এই গুলি বৃন্দাবনচন্দ্রের বিহারকামিনী। ইহাঁরা আত্মমুদিতা ও ব্রজবালা নামে খ্যাতা। ১০৫।

ইহারা শ্রুতিগণ, ইহারা মুনিগণ এবং আমরা গোপ কন্যাগণ; ইহাই স্বরূপতঃ বলিলাম। ১০৬। ইহাঁরা সকলেই রাধাপতির অঙ্গস্বরূপা প্রেয়সী নিত্যা এবং নিত্যবিহারিণী বিহারপাত্রী। ১০৭। এই দেবীর নাম পূর্ণরসা, ইহাঁর নাম রসবল্লবী,ইনি রসপীযূষধামা,ইনি রসতরঙ্গিনী, ইনি রসকল্লোলিনী। ইনি রসবালিকা,১০৮।১০৯। ইনি অলঙ্গমঞ্জরী, ইনি অনঙ্গমালিনী, ইনি মদয়ন্তী, ইনি রসমন্থরা, ১১০ ইহাঁর নাম ললিতা, ইনি ললিতযৌবনা, ইনি অনঙ্গকুসুমা। ইনি মদনমঞ্জরী,।১১১। ইনি কলাবতী,ইনি রতিকলা,ইনি কলকণ্ঠী, ইনি অজা, ইনি রতোৎসুকা,। ১১২। ইনি রতিসর্ব্বস্বা, ইনি রতিচিন্তামণি, ইহাঁরা সকলেই নিত্যা এবং নিত্য রসপ্রদা। ১১৩।

অতঃপর শ্রুতিগণ; ইহাদের কতকগুলির বিষয় শ্রবণ কর। ইনি উদ্গীতা, ইনি রসগীতা, ইনি কলগীতা,। ১১৪।

ইনি কলস্বরা, ইনি কণ্ঠিতা, ইনি বিপঞ্চী, ইনি কলপদা, ইনি বহুমতা, ।১১৫।ইনি বহুকর্ম্মসুনিষ্ঠা,ইনি বহ্বী, ইনি বহু শাখা, ইনি বিশাখা, । ১১৬। ইনি সুপ্রয়োগতমা,ইনি বিপ্রয়োগা, ইনি বহুপ্রয়োগা, ইনি বহুকলা, ইনি কলাবতী ইনি ক্রিয়াবতী। অতঃপর মুনিগণের মধ্যে কতিপয়ের বিষয় বলিতেছি। ১১৭। ১১৮।

ইনি উগ্রতপা, ইনি সুতপা,ইনি প্রিয়ব্রতা, ইনি সুব্রতা ইনি সুরেখা, ইনি সুপর্ব্বা, ইনি রত্নরেখা, ইনি মণিগ্রীবা, ইনি অপর্ণা, ইনি সুপর্ণা, ইনি সুলক্ষণা, ইনি সুদতী, ইনি সৌকলিনী, ইনি সুলোচনা, ইনি সুমনা, ইনি সুভদ্রা, ইনি সুশীলা, ইনি সুরভি, ইনি সুখদায়িকা। ১১৯। ১২০। ১২১। ১২২।

অতঃপর গোপবালাগণ, এই সকল অম্বুরূহানাগণের ও কতিপয়ের পরিচয় প্রদান করিতেছি। ১২৩। ইনি চন্দ্রাবলী, ইনি চন্দ্রিকা, ইনি কাঞ্চনমালা, ইনি রুক্মমালাবতী, ইনি চন্দ্রাননা, ইনি চন্দ্ররেখা, ইনি চন্দ্রিকা, ইনি চন্দ্রমালা, ইনি চন্দ্রাবলি, ইনি চন্দ্রপ্রভা, ইনি চন্দ্রকলা, ইনি সৌবর্ণমালা, ইনি মণিমালিকা, ইনি স্বর্ণপ্রভা, ইনি শুদ্ধকাঞ্চনসন্নিভা, ইনি মানিনী, ইনি মালতী, ইনি যূথী। ১২৪। ১২৫। ১২৬। ১২৭। ইনি বাসন্তী, ইনি নবমল্লী, ইনি শেফালিকা, ইনি লবঙ্গিকা, ইনি এলালতা, । ১২৮। ইনি সৌগন্ধিকা, ইনি কস্তূরী, ইনি পদ্মিনী, ইনি কুমুদ্বতী, ইনি রসালা, ইনি সুরসা, ইনি মধুমঞ্জরী, ইনি রম্ভা, ইনি উর্ব্বশী, ইনি সুরেখা, ইনি স্বর্ণরেখা, ইনি কাঞ্চনমালা, ইনি বসন্ততিলকা। ১২৯। ১৩০। তোমার ইহাঁদিগের সহিত পরিচয়

হইয়াছে এক্ষণে ভামিনী! তুমি ইহাঁদিগের সহিত বিহার করিবে। ১৩১। পূর্ব্ব সরোবরের তীরে আইস, আমি তথায় তোমাকে স্নান করাইয়া বিধিপূর্ব্বক সিদ্ধিপ্রদ মন্ত্র প্রদান করিব। ১৩২। এই বলিয়া প্রীতি পূর্ব্বক তাঁহাকে তথায় লইয়া স্নান করাইয়া বৃন্দাবনকলানাথ প্রেয়সীর উত্তম মন্ত্র প্রদান করিলেন।১৩৩। এবং সংক্ষিপ্ত দীক্ষাবিধি পুরঃসর সর্ব্বসিদ্ধিপ্রদায়ক ওঁ বং রং ঈং ওঁ এই ত্রৈলোক্যদুর্লভ মন্ত্রের পুরশ্চরণ নির্দ্দেশ করিলেন। হোমজপাদিরও নিয়ম সকল উপদেশ করিলেন। পরিশেষে নিম্নলিখিত ধ্যানও শিক্ষা দিলেন। ১৩৪। ১৩৫। ১৩৬।

তপ্তকাঞ্চনগৌরাঙ্গী নানালঙ্কারভূষিতা আশ্চর্য্যরূপ-লাবণ্যা সুপ্রসন্না বরপ্রদা দেবীর ধ্যান করিবে। ১৩৭।

তিনি এইরূপ ধ্যানানন্তর কহ্লার করবীর-চম্পক-সর-সিরুহ। এবং অপরাপর সুগন্ধিপুষ্প সকল চন্দনাদি মিশ্রিত করিয়া পাদ্য, অর্ঘ্য, আচমনীয়,মনোহর, ধূপ,দীপ ও বিবিধ দ্রব্য নৈবেদ্য দ্বারা সখিবৃন্দের সহিত বিধিপূর্ব্বক দেবীর পূজা করিলেন। পরে পূর্ব্বোক্ত মন্ত্র লক্ষবার জপ করিলেন। এবং বিষ্ণুর সহিত দেবীকে নমস্কার এবং স্তবাদি পাঠ করিয়া ভূমিতলে পতিত হইয়া প্রণাম করিলেন। তখন দেবী এই প্রকারে স্তুতা হইয়া চঞ্চলচিত্তে তৎক্ষণাৎ মায়াতে নির্ম্মিত নিজছায়ারূপা দেবীকে তথায় স্থাপন পূর্ব্বক স্বয়ং সখীগণে পরিবৃতা হইয়া ভক্তের প্রতি করুণা প্রদর্শনার্থ তথায় আবির্ভূত হইলেন। হেমচম্পক-বর্ণাভা বিচিত্রাভরণোজ্জ্বলা অঙ্গপ্রত্যঙ্গলাবণ্যলালিত্য-মধুরাকৃতি নিষ্কলঙ্কশরৎপূর্ণকলানাথনিভাননা স্নিগ্ধমুগ্ধস্মিতা

লোক-জগত্রয়মনোহরা বরদা ভক্তবৎসলা দেবী স্বীয় প্রভা দ্বারা দশদিক্ উজ্জ্বল করত ভক্ত সমীপে উপস্থিত হইয়া বলিলেন, 'তোমার সখীগণের বাক্যানুসারে তুমি আমারও প্রিয়সখী'। এতএব আইস, আমি তোমার অভিলাষ সাধন করিব। ১৩৮। ১৩৯। ১৪০। ১৪১। ১৪২। ১৪৩। ১৪৪। ১৪৫। ১৪৬। ১৪৭।

অর্জ্জুনা স্বীয় অভিলাষানুরূপ দেবীর বাক্য শ্রবণ পূর্ব্বক পুলকাঙ্কিতমুগ্ধাঙ্গী ও বাষ্পাকুলবিলোচনা হইয়া দেবীর চরণতলে নিপতিত হইলেন। তখন দেবী প্রিয়ম্বদাকে লক্ষ্য করিয়া বলিলেন, তুমি এই সখীকে আশ্বাস প্রদান পূর্ব্বক করে ধারণ করিয়া আমার সহিত আনয়ন কর। প্রিয়-ম্বদা দেবীর আজ্ঞানুসারে সসম্ভ্রমে তাঁহার হস্তধারণ পূর্ব্বক দেবীর সহিত গমন করিলেন। এবং গন্ধসরোবরে লইয়া গিয়া বিধিপূর্ব্বক স্নান করাইলেন। ১৪৮। ১৪৯। ১৫০। ১৫১।

হরিবল্লভা দেবী তথায় তাঁহাকে যথাবিধানে সঙ্কল্পাদি পূর্ব্বক পূজা করাইয়া সিদ্ধিদায়ক গোকুলনাথাখ্য মন্ত্র গ্রহণ করাইলেন। চতুর্থ্যন্ত মোহনপূর্ব্বভূষিত ঐ মন্ত্র সর্ব্বসিদ্ধি-প্রদ সর্ব্বতন্ত্রগোপিত। গোবিন্দেঙ্গিতজ্ঞা দেবী ভক্তিরসদায়ক ঐ মন্ত্র উপযুক্ত বোধে প্রীতিপূর্ব্বক প্রদান করিলেন। ১৫২। ১৫৩। ১৫৪। ঐ মন্ত্ররাজের মোহন ধ্যানও কহিলেন। মোহনতন্ত্রে কথিত আছে, ঐ ধ্যানই সিদ্ধিপ্রদ। ১৫৫। নীলোৎপলদলশ্যাম নানালঙ্কারভূষিত কোটিকন্দর্পলাবণ্য রাসরসাকুল হরিই ধ্যেয়। পরে দেবী এই বিষয় গোপনে সম্পাদনার্থ নির্জ্জনে প্রিয়ম্বদাকে কহিলেন,। ১৫৬। যে পর্য্যন্ত

উত্তম পুরশ্চরণ পূর্ণ না হয়, তাবৎ তুমি সখীগণের সহিত ইহাকে সাবধানে রক্ষা কর। ১৫৭।

এইরূপ আদেশ করিয়া কৃষ্ণবল্লভা রাধিকা দেবী আত্মভবা ছায়াকে আত্মদেহে বিলীন করিয়া কৃষ্ণপদাম্বুরুহ সমীপে গমন করিলেন। এবং পূর্ব্ববৎ অবস্থান করিতে লাগিলেন। ১৫৮। ১৫৯।

এদিকে অর্জ্জুনীয়া প্রিয়ম্বদার আদেশে গোরোচনা কুঙ্কুম ও চন্দন দ্বারা শুভ অষ্টদলপদ্ম নির্ম্মাণপূর্ব্বক তন্মধ্যে পূর্ব্বোক্ত সিদ্ধিদায়ক মন্ত্ররাজস্বরূপ সুসিদ্ধ সিদ্ধি নামক অদ্ভুত মন্ত্র লিখিলেন। পরে ন্যাসাদি পূর্ব্বক যথাবিধি দীপ, নৈবেদ্য, তাম্বুল, মুখবাসন, বাস, অলঙ্কার ও মাল্য দ্বারা সপরিবার সায়ুধ,সবাহন নন্দনন্দনকে পূজা করিলেন। এবং বিধিপূর্ব্বক স্তবপাঠ ও প্রণামাদি করণান্তর মনে মনে হরির শরণাপন্ন হইলেন। তখন ভক্তপরাধীন প্রভু যশোদানন্দন স্মিতাবলোকিতাপাঙ্গতরঙ্গসরসাত্মভাবে তাঁহার পূর্ব্ব উত্তর ও সম্মুখ ভাগে প্রাণবল্লভরূপে দর্শন দিলেন। অর্জ্জুনীয়া সেই অদ্ভুত ব্যাপার সন্দর্শনে মোহিত হইয়া ভূমিতলে পতিত হইলেন। এবং ক্ষণকাল পরেই নয়ন উন্মিলন পূর্ব্বক গাত্রোত্থান করিলেন। ১৬০। ১৬১। ১৬২। ১৬৩। ১৬৪। ১৬৫। ১৬৬।

অনন্তরস্বেদাশ্রুপুলকোৎকম্পভাবভারাকুলা হইয়া প্রথমতঃ সেই স্থানে অভিলষিত প্রদেশ অর্থাৎ বৃন্দাবন দর্শন করিলেন। পরে তথায় শোভিত মরকতচ্ছদ প্রবালপল্লবযুক্ত হেমময়বৃন্তস্থিত কোরকবিশিষ্ট। ১৬৭। ১৬৮। স্ফটিকালবালমূল প্রার্থকের অভীষ্টফলদাতা কল্পতরু দর্শন

করিলেন। তাহার অধোভাগে রত্ননির্ম্মিত মন্দির অবস্থিত রহিয়াছে। ১৬৯। সেই মন্দির মধ্যে অষ্টদলপদ্মোপরি রত্নময় সিংহাসন বিরাজিত। তাহার দক্ষিণ ও বাম ভাগে শঙ্খ ও পদ্ম শোভা পাইতেছে। ১৭০। চতুর্দ্দিকে কামধেনু সকল যথাস্থানে সংস্থিত রহিয়াছে। ঐ মন্দিরের চতুর্দ্দিক বেষ্টন করিয়া মলয়ানিলসেবিত সমস্ত ঋতুর সুগন্ধি মনোহর কুসুম সমূহে আমোদিত অতি সুন্দর মকরন্দকণাবৃষ্টি-শীতল সুমনোহর মকরন্দরসাস্বাদমত্ত ভৃঙ্গবৃন্দের নিরন্তর ঝঙ্কারমুখরিতান্তর কলকণ্ঠ কপোত, সারিকা, শুক ও অপরাপর পক্ষিগণের কলনাদনিনাদিত নৃত্যোন্মত্ত ময়ূরগণের স্মরবর্দ্ধন কেকারবে আকুল মন্দমারুতসংলীন জলোর্ম্মিকণ-শীতল মনোহর কুসুমশোভিত তরুরাজিসমাকীর্ণ নানাচিত্র-বিচিত্রবর্ণরঞ্জিত নানাদ্ভুতসামগ্রীপরিশোভিত নন্দনকানন শোভা পাইতেছে। অনন্তর পূর্ব্বোক্ত অষ্টদলপদ্মমধ্যেবিরাজিত যোগপীঠাত্মক শুভ সিংহাসনে ১৭১। ১৭২। ১৭৩। ১৭৪। ১৭৫। ১৭৬। ১৭৭। সুখাসীন পূর্ণরাগরসাত্মক ঘনাম্বুসেকসংস্পৃষ্টনীলাঞ্জনতমদ্যুতি সুস্নিগ্ধনীলকুটিলকষায়-গন্ধিকুন্তল মদমত্তময়ূরোন্নতশিখণ্ডাবদ্ধচূড়ক সঙ্গীতাদি-কার্য্যে নিরতকৃতপুষ্পাবতংসক নীলোৎপলশোভিতকপোলা-দর্শ বিচিত্রতিলকশোভিবদনমণ্ডল তিলপুষ্প ও শুক চঞ্চুর ন্যায় মঞ্জুলনাসিক চারুবিম্বাধর মন্দস্মিতদীপিতমন্মথ বনকুসুম-মালাবিলাসিত। ১৭৮। [illegible]। ১৮০। ১৮১। ১৮২। [illegible] শোভিতপুষ্পভূষণভূষিত তড়িৎপ্রভাশোভিপীতাংশুকদ্বয় । ১৮৩। মুক্তাহারস্ফুরদ্বক্ষস্থল কৌস্তুভমণিশোভিত শ্রীবৎস চিহ্নিত আজানুবিলম্বিতমনোহরবাহুবিশিষ্ট । ১৮৪। সুগম্ভীর

নাভিপদ্মমনোহর সুজাতক্রমসদ্বৃত্তোরুযুগলশালী।১৮৫।কঙ্কণাঙ্গদমঞ্জীরাদি নানাভূষণভূষিত পীতাংশুকসমাবিষ্টনিতম্বদেশ ১৮৬ সৌন্দর্য্যলাবণ্যদ্বারা জিতকোটিমন্মথ বেণু প্রবর্ত্তিতরসা এবং মনোহর গীত দ্বারা জগত্রয়কে সুখসাগরে মগ্নকারী ও মোহনকারী প্রত্যঙ্গমদনাবেশধর রাসরসাকুল। ১৮৭। ১৮৮। হরিকে যথাস্থাননিযুক্তা এবং তদিঙ্গিতনিরীক্ষণজ্ঞা তন্মুখাম্বুজদত্তচঞ্চলনয়না সখীগণ পৃথক্ পৃথক্ চামর ব্যজন, মাল্যগন্ধ চন্দনাদি প্রদান, তাম্বুল, দর্পণ, পানপাত্র ও চর্ব্বিত পাত্রাদি সমর্পণ করিতেছে। ১৮৯। ১৯০। ১৯১। এবং অপরাপর সখীগণ শ্রীমতী রাধিকা দেবীর বামভাগে অবস্থিত হইয়া সস্মিতবদনে তাঁহাকে তাম্বুলাদি দ্বারা অর্চ্চনা করিতেছে। ১৯২।

স্ত্রীবেশপ্রাপ্ত অর্জ্জুনকে মদনাবেশবিহ্বলা দর্শন করিয়া সর্ব্ববেত্তা মহাযোগেশ্বর বিভু হৃষীকেশ সর্ব্বক্রীড়াবনান্তরে তাঁহার সহিত যথাভিলষিত বিহারাদি করিলেন। ১৯৩। ১৯৪। তদনন্তর তাঁহার স্কন্ধদেশে ভুজপল্লব স্থাপন করতঃ প্রত্যাবৃত্ত হইয়া সারদানাম্নী সখীকে কহিলেন, এই ক্রীড়াশ্রান্তা শুচিস্মিতা কৃশাঙ্গীকে লইয়া পশ্চিম সরোবরে স্নান করাইয়া আনয়ন কর। সেই সারদাদেবী ভগবানের আদেশানুসারে সেই ক্রীড়াসরোবরে লইয়া গিয়া অর্জ্জুনকে কহিলেন, তুমি স্নান কর। তিনিও পরিশ্রান্ত থাকাতে তৎক্ষণাৎ তাহাই করিলেন। এবং জলে মজ্জন করিবামাত্র পুনর্ব্বার স্বকীয় অর্জ্জুনরূপ প্রাপ্ত হইলেন। ১৯৫। ১৯৬। ১৯৭। অর্জ্জুনত্ব প্রাপ্ত্যনন্তর সরোবর হইতে উত্থিত হইয়া বৈকুণ্ঠনায়ক ভগবান্ শ্রীকৃষ্ণের নিকট গমন করিলেন। ভগবান্ অর্জ্জুনকে

বিষণ্ণ ও ভগ্নমানস দর্শন করিয়া মায়াবলম্বনে পাণিদ্বারা তদঙ্গ স্পর্শ পূর্ব্বক বলিলেন, ধনঞ্জয়! তুমি আমার প্রিয়সখা বিষণ্ণ হইওনা। এই ত্রিজগন্মধ্যে তুমি ভিন্ন আর কেহই আমার রহস্য অবগত হইতে পারেনা। তুমি আমার যে রহস্য দর্শন ও অনুভব করিলে, তাহা অন্যের নিকট প্রকাশযোগ্য নহে। ভগবানের প্রসাদ প্রাপ্ত হইয়া অর্জ্জুন নিজের পূর্ব্বাবস্থার স্মৃতিলাভে ভগবানের অনুমতি লইয়া স্বস্থানে প্রস্থান করিলেন। তখন মহাদেব কহিলেন, দেবি! আমি তোমাকে মদ্বিদিত গোবিন্দের রহস্য শ্রবণ করাইলাম। ইহা অপরের সমীপে প্রকাশ্য নহে। অতএব গোপনে রক্ষা করিবে।১৯৮ ।১৯৯। ২০০। ২০১।

সপ্তম অধ্যায়

পার্ব্বতী কহলেন, বিভো! আপনার প্রসাদে বৃন্দাবন রহস্য অবগত হইলাম। এক্ষণে নারদ ঋষি কোন্ পুণ্যবলে ভগবানের প্রকৃতিত্বলাভ করিয়াছিলেন,তাহাই শ্রবণ করিতে ইচ্ছা করি। ১।

মহাদেব কহিলেন, এই অত্যাশ্চর্য্য রহস্য আমি পূর্ব্বে ব্রহ্মার নিকট জিজ্ঞাসা করাতে তিনি আমাকে কৃষ্ণমুখ হইতে যে রূপ শ্রবণ করিয়াছিলেন, তাহাই বলিয়াছিলেন। ঐ বিষয় আমি নিজে বলিতে সমর্থ নহি। এই। কথা বলিয়া তিনি ব্রহ্মাকে আহ্বান পূর্ব্বক কহিলেন, ব্রহ্মন্! আপনি

আমাকে যে গুহ্য বৃন্দাবন রহস্য বলিয়াছিলেন, তাহাই দেবীর নিকট পুনর্ব্বার বলুন। ২। ৩। ব্রহ্মা কহিলেন,আমি এক সময়ে ভগবানকে জিজ্ঞাসা করিয়াছিলাম, হে বিশাস্পতে! আপনি আমাকে আপনার বৃন্দাবন রহস্য বর্ণন করুন। ৪। তাহাতে ভগবান কহিলেন, এই রম্য বৃন্দাবন আমারই ধাম অর্থাৎ তেজ স্বরূপ। তত্রত্য বৃক্ষাদির স্থাবর সকলও আমার শরণাগত জীব সমূহ এবং তত্রত্য গোপকন্যাগণ মৎপরায়ণ দেবতা ও ঋষিবৃন্দ। এই পঞ্চযোজন বিস্তৃত বৃন্দাবন আমার দেহস্বরূপ। ৫। ৬। ৭। এই পরমামৃতবাহিনী কালিন্দী নদী সুষুম্নাখ্যা নাড়ীরূপা। ঐ নদীস্থিত ও বনস্থিত প্রাণীগণ সকলেই দেবতারূপ। ৮। আমি সর্ব্বতেজোময়, এই বন কদাপি পরিত্যাগ করি না। তবে যে প্রকট ও অপ্রকট শ্রুত হয়, তাহা আমার আবির্ভাব ও তিরোভাব রূপ। এই রমনীয় বৃন্দাবন ও তাহার রহস্য সকল চর্ম্মচক্ষুর অগোচর এবং ব্রহ্মাদিদেবগণেরও চক্ষুর অগোচর।৯। ১০।

এই বিষয়ে সৌনকনারদসম্বাদে যাহা ভগবান্ বলিয়াছিলেন, তাহাও বলিতেছি।

নারদ শৌনকাদিকে কহিলেন, মুনিগণ! আমি পূর্ব্বে ভগবান্ ব্রহ্মাকে তোমাদিগের ন্যায় নানাবিধ প্রশ্ন করিয়াছিলাম। তিনি তদ্বিষয়ে যাহা যাহা উত্তর করিয়াছিলেন, তাহা তোমাদিগকে মন্ত্র ও যাগ সকলের বিষয় যেরূপ বলিয়াছি, তদ্রূপই প্রশ্নানুসারে বলিব। ১১।

শৌনক প্রমুখঋষিগণ কহিলেন, পিতামহ ব্রহ্মা আপনার নিকট বৃন্দাবন রহস্য যেরূপ বলিয়াছেন, কৃপা করিয়া তাহাই আনুপূর্ব্বিক বিজ্ঞাপন করুন। ১২।

নারদ কহিলেন, আমরা কোন সময়ে সরযূতীরে মনস্বী চিন্তাকুলিতচিত্ত গৌতমকে মহাবিষন্ন দর্শন করিলাম। ১৩। তিনি আমাকে দেখিয়াই ধরণীতলে পতিত হইলেন। আমি তদ্দর্শনে তাহাকে ভূমি হইতে উত্থাপন পূর্ব্বক কহিলাম, বৎস! তোমার এই বিষাদের কারণ কি, তাহা আমাকে বল। ১৪।

গৌতম কহিলেন, আমি আপনার মুখ হইতে ভগবান্ শ্রীকৃষ্ণের দ্বারকা ও মথুরা বিষয়ক রহস্য সকল শ্রবণ করিয়াছি; কিন্তু বৃন্দাবন রহস্য শ্রবণ করি নাই। এই কারণেই আমার চিত্তের ঈদৃশ চাঞ্চল্য উপস্থিত হইয়াছে। ১৫। ১৬।

নারদ কহিলেন, তুমি যে বিষয় শ্রবণে অভিলাষী হইয়াছ, তাহা রহস্যের ও রহস্যও পরম গুহ্য। পূর্ব্বকালে ভগবান্ ব্রহ্মা এই বিষয় আমাকে বলিয়াছিলেন। ১৭। একদা আমি বলিলাম, দেবেশ জগৎপিতঃ! অনুগ্রহপূর্ব্বক বৃন্দাবন রহস্য বর্ণন করুন। তাহাতে তিনি ক্ষণকাল মৌনী হইয়া বলিলেন, বৎস! তুমি যাহা অবগত হইতে ইচ্ছা করিয়াছ, তাহা আমারও প্রিয়। অতএব চল, ভগবান বিষ্ণুর নিকট গমন করি, তিনিই ইহার উপায় করিবেন। ১৮। ১৯। এই বলিয়া তিনি আমাকে লইয়া বিষ্ণুলোকে গমন পূর্ব্বক মহাবিষ্ণুর নিকটে, আমি যাহা যাহা বলিয়াছিলাম, সেই সমস্ত বলিলেন। ২০।

ভগবান্ মহাবিষ্ণু পিতার এই কথা শ্রবণ করিয়া তাঁহাকে সম্বোধন পূর্ব্বক আদেশ করিলেন, এই নারদকে লইয়া অমৃতসংজ্ঞক সরোবরে স্নান করাও। ২১। স্বয়ম্ভু এই আদেশানুসারে আমাকে তাহাই করাইলেন। ২২। আমি সেই

বিনষ্ট হয়। কিন্তু উহার বিন্দুমাত্র ভূমিতলে নিক্ষেপ করিলে তাহার অষ্টগুণ পাপ হয়। ৩৬। জলশঙ্খ করে ধারণ করিয়া স্তব, প্রণাম, প্রদক্ষিণ ও ধারণ করিলে মরণান্তে মনুষ্য জন্মের সাফল্য হয়।৩৭। যাহার গৃহে বাসুদেবের সম্মুখে শঙ্খ ও গরুড়ান্বিত ঘণ্টা না থাকে, তিনি ভগবদ্ভক্ত নহেন। ৩৮। যান বা পাদুকা সহ ভগবদ্ গৃহে গমন, দেবোৎসবের পূর্ব্বে ভক্ষণাদি, অপ্রণাম, উচ্ছিষ্টে এবং অশৌচে ভগবদর্চ্চনাদি, এক হস্তে প্রণাম, এক বার মাত্র প্রদক্ষিণ, দেব সম্মুখে পাদ, প্রসারণ, পর্য্যঙ্কবন্ধন্, শয়ন, ভক্ষণ, মিথ্যাভাষণ, উচ্চভাষণ, পরস্পর কথোপকথন, রোদনাদি, কলহ, নিগ্রহ, অনুগ্রহ, স্ত্রীষূথক্রূরভাষণ, কম্মলাবরণ, পরনিন্দা, পরস্তুতি, গুরুর নিকটে মৌন, নিজস্তোত্র, ও দেবতানিন্দন, বিষ্ণুর সম্বন্ধে এই দ্বাত্রিংশৎ অপরাধ। আমি নিয়ত সহস্র সহস্র অপরাধ করিতেছি, হে ভগবন্! আমিই তোমার, এইরূপ বোধে কৃপা করিয়া আমার অপরাধ ক্ষমা কর, এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক দণ্ডবৎ ভূপতিত হইয়া প্রণাম করিবে। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। সর্ব্বগ হরে! আমার অপরাধ সহস্র ক্ষমা কর, এই বলিয়া ভগবানের নিকট বিনয় করিবে। দ্বিজাতি স্বায়ংকালে ও প্রাতঃকালে শ্রুত্যুক্ত অশন গ্রহণ করিবে। ৪৬। বিষ্ণুর প্রসাদগ্রহণে দিনগতপাপ বিনষ্ট হয়। ব্রহ্মা অন্ন বিষ্ণু রসস্বরূপ, এইরূপ জ্ঞানে ভগবানের নামোচ্চারণ করতঃ যিনি প্রত্যহ ভোজন করেন, তিনি অন্ন দোষে লিপ্ত হয়েন না বর্ত্তুলাকার অলাবু, সবল্কল মসূর, তাল, শুক্ল বার্ত্তাকু, বৈষ্ণবের অভক্ষ্য। বট, অশ্বত্থ, অর্ককুম্ভী ও তিন্দুক পত্রে ভোজন নিষেধ। ৪৭। ৪৮। ৪৯। এবং বৈষ্ণ-

বের পক্ষে কোবিদার, কদম্বপত্রও নিষিদ্ধ। শ্রাবণ মাসে শক্তু, এবং ভাদ্র মাসে দধি ত্যাগ করিবে। ৫০। আশ্বিন মাসে দুগ্ধ এবং কার্ত্তিক মাসে আমিষ ত্যাগ করিবে। দুগ্ধ, অন্ন, জম্বীর, বীজপূর, শাক ও লবণাদি বিষ্ণুর অনিবেদিত বস্তু জ্ঞাতসারে ভক্ষণ করিবে না। দৈবাৎ হইলে, ভগবানের নাম স্মরণ কর্ত্তব্য। ৫১। ৫২। কঙ্কুধান্য, শাক, মোচিকা, মীষ্ঠকা, কাল শাক, মুস্তক, ক্রমুক, সৈন্ধবলবণ, বচা, দধি, ঘৃত, নবনীত, আম্র, হরিতকী, পিপ্পলী, জীরক, নাগরঙ্গক, তিন্তিরী, কদলী, লবলী, ধাত্রী, ফল অগুড় মৌক্ষক, এবং অতৈল পক্ক দ্রব্য হবিষ্য বিষয়ে প্রশস্ত। যে ব্যক্তি তুলসী পুষ্পযুক্ত মাল্য ধারণ করে, সে বিষ্ণু তুল্য। এইরূপ ধাত্রী পুষ্পাদিধারীও বিষ্ণু তুল্য। ৫১। ৫২। ৫৩। ৫৪। ৫৫। ৫৬। ৫৭। তুলসী ও ধাত্রীর সমীপবর্ত্তী সার্দ্ধ ত্রিশত হস্ত স্থান কুরুক্ষেত্র তুল্য তুলসী কাষ্ঠ ঘটিত রুদ্রাক্ষাকারকারিত মালা কণ্ঠে ধারণ পূর্ব্বক বিষ্ণুর অর্চ্চনা করিবে। আমলক ও পুষ্করমালাও ধারণীয়া। ৫৮। ৫৯। বিষ্ণু পূজক কর্ণে ও মস্তকে তুলসীমালা ধারণ করিবে। ৬০। অঙ্গে ভগবানের নাম লিখনার্থ নির্ম্মাল্য চন্দনাদি ব্যবহার করিবে। ললাটে গদা ও মস্তকে শর ও চাপের আকার ধারণ করিবে। ৬১। হৃদয়ে নন্দনকানন এবং ভূজদ্বয়ে শঙ্খ ও চক্রের আকার অঙ্কিত করিবে। মানব ঐ শঙ্খচক্রাদির আকার অঙ্কিত করিয়া শ্মশানাদিতে মৃত হইলেও নিঃসংশয় বিষ্ণুলোকে গমন করিবে। যে বিষ্ণুভক্ত ব্যক্তি মস্তকে তুলসীপত্র ধারণ পূর্ব্বক, 'কার্য্য করিবে, তাহার সকল কার্য্যই সফল হইবে। তুলসী কাষ্ঠ মালা ধারণ পূর্ব্বক দেবতাওপিতৃলোকের কার্য্য করিলে'

অক্ষয় ফল লাভ হয়। যে ব্যক্তি তুলসীমালা বিষ্ণুকে নিবেদন পূর্ব্বক ধারণ করে, তাহার সমস্ত পাতক বিনষ্ট হয়।। পাদ্যাদি দ্বারা পূজা পূর্ব্বক নিম্নলিখিত মন্ত্র উচ্চারণ করিবে ৬২। ৬৩। ৬৪। ৬৫। ৬৬। যাঁহার দর্শনে নিখিল পাপের ধ্বংস হয় এবং স্পর্শনে শরীর পবিত্র হয়। যিনি দেবগণের অভিবন্দিতা ও ভগবতী যাঁহার উচ্চারণে বা ভক্ষণে বিপন্নের উদ্ধার হয়, যাঁহার রোপণে ভগবানে অচলা ভক্তির উদয় হয় যাঁহাকে বিষ্ণুচরণে অর্পণ করিলে মুক্তিলাভ হয়, সেই তুলসীদেবীকে নমস্কার। ৬৭। হর্ষাশ্রুপূর্ণ পুলকাচিতাঙ্গ হইয়া নাথ প্রসন্ন হও, এই কথা উচ্চারণ পূর্ব্বক ত্রিজগদ্বিধাতার সম্মুখে কম্পিতকলেবরে দণ্ডবৎ ভূমিতে পতিত হইলে, ভক্তকান্ত ভগবান্ বৎস! উত্থিত হও,বলিয়া তাঁহার রোমাঞ্চযুক্ত ভুজদ্বয় ধারণ পূর্ব্বক উত্থাপন করিবেন।৬৮।৬৯।

দ্বাদশ অধ্যায়।

পার্ব্বতী কহিলেন, বিভো মহাদেব! বিষয়গ্রাহ সঙ্কুল এই ঘোর কলিযুগে দুষ্প্রদারধননিপীড়িত ব্যক্তিগণ কিরূপে উদ্ধার প্রাপ্ত হইবে, তাহার উপায় আমাকে কৃপা করিয়া বলুন ॥ ১ ॥

মহাদেব কহিলেন, হরির নাম, হরির নাম, কেবল হরি নামই মানবের এই কলিকালের একমাত্র গতি। হরে রাম

হরে রাম কৃষ্ণ কৃষ্ণ এই মঙ্গল নাম যে ব্যক্তি নিত্য উচ্চারণ করিবে, কলি তাহার নিকট গমন করিতে অক্ষম। কর্ম্মের অন্তরে অন্তরে ভগবানের নাম স্মরণই একমাত্র শ্রেয়ঃ-সাধন। ২। ৩। কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ এইরূপ বারম্বার উচ্চারণ করিবে। অথবা তাঁহার নামের সহিত আমার নাম যোগ করিয়া ব্যুৎক্রমে উচ্চারণ করিবে। ৪। যে ব্যক্তি শ্রীশব্দ পূর্ব্বক জয়শব্দান্ত ভগবন্নাম উচ্চারণ করে, সে তুলা-রাশিতে অনলের ন্যায় পাপের বিনাশে সক্ষম হয়। ৫। আমার ও কৃষ্ণের মঙ্গল কর নাম জপ করিলে, পাপ হইতে বিমুক্তি হয়। অতএব নিরন্তর ঐ নাম স্মরণ করিবে। ৬। অশুচিই হউক বা শুচিইহউক অহর্নিশ ঐ নাম স্মরণ করিলে ভগবানের সাক্ষাৎকার লাভ হয়। ৭। পশুযোনি বা পক্ষি যোনিতে ভ্রমণ কালেও ঐ নাম স্মরণ মাত্রই সংসার বন্ধন মোচন হয়। ৮। নানা অপরাধ যুক্ত ব্যক্তিরও ঐ নাম স্মর-ণেই পাপের নাশ হয়। এই কলিযুগে তপোদানব্রতাদি সমস্তই বিনশ্বর, কিন্তু গঙ্গাস্নান এবং হরিনাম, এই দুইটিই অপায় রহিত। ৯। অযুত হত্যা, সহস্র উগ্রপান, কোটি গুর্ব্ব-ঙ্গনা নিষেবন এবং অসংখ্য চৌরকর্ম্ম করিয়াও ভক্তি পূর্ব্বক গোবিন্দ নাম করিলে, সদ্যই তাহার সমস্ত পাপ বিনষ্ট হয়। ১০। যে ব্যক্তি পুণ্ডরীকাক্ষের স্মরণ করে, সে সদ্যই বাহ্য ও অভ্যন্তরের সহিত শুচি হয়। ভগবানের নাম স্মরণ এবং তাহার চরণ চিন্তন এতদুভয়ই পাপক্ষয়কর। ১১। কলিকালে গুরুসেবা এবং হরিনাম কীর্ত্তন জীবের অদ্বি-তীয় মঙ্গলোপায়। সুবর্ণ, রজত বা পাষাণ দ্বারা নির্ম্মিত হরিচরণ চিহ্ন পূজা করিবে। ভগবানের দক্ষিণপদাঙ্গুষ্ঠমূলে

যে চক্রচিহ্ন আছে, তাহাতে প্রণত জনের ঐ চক্রদ্বারাই ভববন্ধন চ্ছেদ হয়। অচ্যুতের মধ্যমাঙ্গলিমূলে কমলচিহ্ন আছে, যে ব্যক্তি তাহার ধ্যান করেন, তাঁহার চিত্তদ্বিরেক তাহাতেই আকৃষ্ট হয়। ঐ পদ্মের অধোভাগে যে ধ্বজচিহ্ন তাহা ভক্তগণের বিজয়ধ্বজস্বরূপ। ১২। ১৩। ১৪। ১৫। কনিষ্ঠাঙ্গুলিমূলে যে বজ্রচিহ্ন তাহা ভক্তের পাপাদ্রিভেদন কার্য্যে তৎপর। পাণ্ডিমধ্যে যে অঙ্কুশচিহ্ন, তাহা ভক্তবৃন্দের চিত্তেভশমকারণস্বরূপ। ১৬। অঙ্গুষ্ঠপর্ব্বদ্বয়ে ভোগসম্পন্ময় চিহ্নদ্বয় ভক্তের ভোগসম্পদ্বর্দ্ধক। বামাঙ্গুষ্ঠমূলে পাঞ্চজন্যের চিহ্ন। ঐ শঙ্খচিহ্ন ভগবান্ ভক্তের সর্ব্ববিদ্যাপ্রকাশার্থ ধারণ করেন। সুতরাং গোবিন্দমাহাত্ম্য শ্রবণ ও কীর্ত্তনে মুক্তি এবং বৈষ্ণবমাহাত্ম্যশ্রবণে পরমগতি লাভ হয়। ১৯।

এক্ষণে বিষ্ণুর প্রীতিজনক মাস কৃত্য বর্ণন করিতেছি। জৈষ্টমাসে স্নান বাসরে ভগবানকে স্নান করাইবে। ২০। ঐ কর্ম্মে দৈনন্দিন পক্ষমাসবর্ষজ দুরিত,ব্রহ্মহত্যা সহস্রজনিত পাপ,জ্ঞানাজ্ঞানকৃত পাপ স্বর্ণস্তেয়,সুরাপান,অযুত গুরুতল্প অসংখ্য উপপাতক বিনষ্ট হয়। পৌর্ণমাসীতে জলদ্বারা ভগবানের অভিষেক করিবে। পুরুষসূক্তমন্ত্র এবং পাবমানী ঋক্ উচ্চারণ পূর্ব্বক নারিকেলাম্বু, তালফলাম্বু, রত্নোদক, গন্ধোদক, পুষ্পোদক দ্বারা স্নান করাইবে। নানাবিভবযুক্ত পঞ্চোপচারে পূজা করিয়া ঘং ঘণ্টায়ৈ নমঃ এইমন্ত্রে ঘণ্টাবাদ্য নিবেদন করিবে। অনন্তর হে ভগবন্! তোমার চরণ যুগলে পাপী আমাকে পাপ হইতে বিমুক্ত কর। এই বলিয়া যে জ্ঞানী শ্রোত্রিয় ব্রাহ্মণ ভগবানের অর্চ্চনা করে, সে সর্ব্ব

পাপ বিনির্মুক্ত হইয়া বিষ্ণুলোকে গমন করে। আষাঢ় মাসে রথযাত্রা করিবে। শ্রাবণে শ্রবণাবিধি করিবে। ভাদ্রমাসে জন্মদিবসে উপবাসাদি করিবে। ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮। ২৯।

আশ্বীনমাসে শয়ন পরিবর্ত্তন করিবে। এবং উত্থাপন করিবে অন্যথা বিষ্ণুদ্রোহ হইবে। ৩০। শুভ আশ্বীন মাসে মহামায়ারও পূজা করিবে। ষড়াননে! কার্ত্তিককীর্ত্তও বর্ণন করিতেছি শ্রবণ কর। ৩১। চতুরাঙ্গুল প্রমাণ দীপে সপ্ত-বর্ত্তি স্থাপনপূর্ব্বক পক্ষান্তে দীপমালাবলি প্রদান করিবে। ৩২। অগ্রহায়ণ মাসে সিতপক্ষের ষষ্ঠীতে তৃণ নির্ম্মিত সিত বস্ত্রদ্বারা জগদীশ্বরের অর্চ্চনা করিবে।৩৩।পৌষমাসের পুণ্যা-ভিষেক চন্দন বর্জ্জন করিবে। মাঘ মাসের সংক্রান্তিতে অধিবাসে আতপ তণ্ডুল নিবেদন পূর্ব্বক এই মন্ত্র উচ্চারণ করিবে। জগদ্গুরো! আপনি সর্ব্বভূতের জীবন ও জনক। হে প্রভো! আমি আপনা হইতে সমুদ্ভূত হইয়া ত্বন্ময় লীলা প্রাপ্ত হইয়াছি। এই বলিয়া কর্পূরওঘৃত বিশিষ্ট দ্রব্য সকল নিবেদন করিবে। ৩৪। ৩৫। ৩৬। অর্চ্চনা পূর্ব্বক ভক্তি-সহকারে ভগদ্বুদ্ধিতে দেবদেব সম্মুখে ব্রাহ্মণ সকলকে ভোজন করাইবে। ৩৭। ভক্তিপূর্ব্বক একমাত্র ভক্তকে ভোজন করাইয়া কোটি ভোজনের ফল হয়। ব্রাহ্মণ ভোজন না করাইলে কর্ম্ম অঙ্গহীন হয়। ৩৮। ঐ মাসের শুক্লপক্ষীয় পঞ্চমীতে ভগবানকে স্নান করাইয়া ভক্তিসহকারে চূতপল্লব বিবিধ সুগন্ধ বাসিত ফল্গুচূর্ণ দ্বারা প্রদীপ্ত দীপদিপিত দ্রাক্ষা ইক্ষু রম্ভা জম্বীর নাগরঙ্গক পূর্ণ নারিকেল ধাত্রীবংশ তাল হরিতকী প্রভৃতি বৃক্ষ ও সর্ব্বকুসোমচিত পত্রচামরাদি

শোভিত ও বারিপূর্ণকুম্ভ বিশিষ্ট নানাবিধ পুষ্প বৃক্ষ সমন্বিত রমনীয় কাননের অভ্যন্তরে নানাবিধ উপহারে ভগবানের দোল যাত্রা সম্পাদন করিবে। এবং ঐ মাসের শুক্লচতুর্দ্দশীর অষ্টম যামে পৌর্ণ অথবা প্রতিপৎসঙ্গিসম্মিতে কর্পূরাদি বিমিশ্রিত সিতরক্তগৌরপীতহরিদ্রাক্ষারযুক্ত মনোহর মাসীতে চতুর্ব্বিধ ফল্গুচূর্ণ দ্বারা ভগবানের অর্চ্চনা করিবে। অথবা অন্য রঙ্গরম্য বস্তু দ্বারা একাদশী হইতে আরম্ভ করিয়া পঞ্চমী পর্য্যন্ত উক্ত কার্য্য নির্ব্বাহ করিবে। ৩৯। ৪০। ৪১। ৪২।৪৩। ৪৪। ৪৫।৪৬। ৪৭। ঐ দোলোৎসব পঞ্চম অথবা ত্র্যহ করিতে পারে। নরগণ কৃষ্ণকে দক্ষিণাভিমুখে দোল যানে অবস্থিত দর্শন করিয়া মুক্ত হইয়া থাকে। বৈশাখ মাসে স্বর্ণ রোপ্য অথবা মৃণ্ময় পাত্রে শালগ্রাম শিলাকে স্থাপন পূর্ব্বক জলধারণ প্রদান করিবে।৪৮। ৪৯। ৫০। মহাভাগে! যে ব্যক্তি বৈশাখ, শ্রাবণ ও ভাদ্রমাসে প্রত্যহ উক্ত কর্ম্ম করে, তাহার ভূরিপুণ্য সঞ্চয় হয়। বৈশাখী তৃতীয়াতে জলমধ্যে মন্তপাদি মধ্যে স্থাপন অতি প্রশস্ত। ৫১। ৫২। মন্তপাদিমধ্যে সুগন্ধি চন্দনাদি দ্বারা লেপন করিলে, মানব স্বয়ং কৃশত্ব পরিত্যাগ পূর্ব্বক পুষ্টাঙ্গ হইয়া থাকে। ৫৩। চন্দন অগুরু কস্তুরী, কুষ্ঠ কুঙ্কুম রোচনা জটামাংসী ও বচা, এই অষ্টবিধ গন্ধই বিষ্ণুপূজায় প্রশস্ত। এই সকল গন্ধ দ্বারা শিলার অঙ্গলেপন করিবে। ৫৪। ৫৫। কর্পূরাগুরু মিশ্রিত ঘৃষ্ট তুলসী কাষ্ঠ পঙ্ক কিম্বা হরিচন্দন পঙ্ক দ্বারা ও কেশবের অঙ্গ বিলেপন করিবে। ৫৬। কালে যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক ভগবানকে দর্শন করে, কোটীকল্পেও তাহার এই মর্ত্ত্যলোকে পুনরাবৃত্তি হয় না। ৫৭। জগদ্গুরুকে সুগন্ধি

মিশ্রিত জল দ্বারা স্নান করাইয়া পুষ্পমধ্যে স্থাপন করিবে। ৫৮। এবং তথায় বৃন্দাবন রচনা করিয়া নানাবিধ ফল মূলাদি বিষ্ণুভক্ত দ্বারা নিবেদিত করাইবে। ৫৯। নারিকেল ফলের জল ও শস্য উভয়ই দাতব্য। কণ্টকফলের ও পনসের কোষই প্রদাতব্য। ৬০। শক্ত্যনুসারে নৈবেদ্য দান ও স্তবাদি পাঠ করিবে। দধিযুক্ত ও ঘৃতমিশ্র অন্ন দান করিবে। ঘৃত ও তৈল দ্বারা নানাবিধ পিষ্টক পাক করিয়া ফলাদিসহ প্রদান করিবে। ৬১। ৬২। যাহা যাহা শাস্ত্রসম্মত ও আপনার প্রিয়,তত্তৎ দ্রব্যই ঈশ্বরকে অর্পণ করিবে। নৈবেদ্য বস্ত্রাদি প্রদান করিয়া তাহার পুনরাদান অকর্ত্তব্য। ৬৩। ঐ সকল বস্তু বিষ্ণুর উদ্দেশে তাঁহার ভক্তবৃন্দকেই অর্পণ করিবে। মহেশ্বরি! আমি তোমাকে এই সবিশেষ বৃত্তান্ত বলিলাম, ইহা অতিযত্নে গোপন করিবে। ৬৪।

যদি শ্রীকৃষ্ণরূপগুণবর্ণন শাস্ত্রবর্গে বোধাধিকার হয়, তবে অন্যশাস্ত্রের আবশ্যক নাই। তৎপ্রেমবলভক্তিবিলাস নামহাসাদিতে যদি রতি থাকে,তবে কামিন্যাদিও নিষ্প্রয়োজন। ৬৫।

